পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগেরআওতায় ২০১৩-১৪ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সার-সংক্ষেপ

ক্র:নং	মন্ত্রণালয়/বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
০১)	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ	০৪	০৩	০১	-	০১	০৪	সর্বনিম্ন ৮.৩৩% সর্বোচ্চ-৩৩%	০১	সর্বনিম্ন ২.০৩% সর্বোচ্চ-২.০৩%

১। **সমাপ্ত প্রকল্পের সংখ্যা :** ২০১৩-১৪ অর্থ বছরের এডিপিতে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বিপরীতে অন্তর্ভুক্ত ০৪ (চার) টি প্রকল্প সমাপ্ত হয়েছে।

২। **সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ :** আইসিটি নির্ভর হওয়ায় প্রযুক্তির দ্রুত পরিবর্তন, মাঠ পর্যায়ে ভ্রমণ খাতে ব্যয় বৃদ্ধি ও অংশগ্রহণকারীর সংখ্যা বৃদ্ধি, নির্ধারিত মেয়াদের মধ্যে কাজ সম্পন্ন না হওয়ায়, পুনরায় অভ্যন্তরীণ বাজেট পুন:বন্টনের মাধ্যমে ব্যয় যুক্তিযুক্তকরণ ও Industrial Statistics সংশ্লিষ্ট কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বৈদেশিক প্রশিক্ষণের সংখ্যা বৃদ্ধির কারণে প্রকল্প ০৪ টি প্রকল্পের মধ্যে ০১ টি প্রকল্পের ব্যয় সময় ও ব্যয় উভয়ই বৃদ্ধি পায় এবং ৩ টি প্রকল্পের মেয়াদের বৃদ্ধি ঘটে।

৩। **সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ :**

সমস্যা	সুপারিশ
প্রকল্পের নামঃ ''Digital Information System (DIS)'' শীর্ষক প্রকল্প	
৩.১) প্রকল্পটি বাস্তবায়নে তেমন গুরুত্বপূর্ণ সমস্যা উদ্ভূত হয়নি মর্মে প্রকল্পসূত্রে অবহিত করা হয়েছে। তবে প্রকল্পের প্রথম বছর অর্থাৎ ২০১১-১২ অর্থবছরে ৫৫৭.০০ লক্ষ টাকা বরাদ্দ রাখা হলেও ছাড় করা হয় মাত্র ৯০.০০ লক্ষ টাকা। ফলে প্রকল্পের কাজ শুরু করতে কিছুটা বিলম্ব ঘটেছে ;	৩.১) এটি একটি গুরুত্বপূর্ণ প্রকল্প। এ কারণে প্রকল্পের আওতায় প্রণীত Web enabled GIS based Application Software টি প্রকল্পের আওতায় প্রশিক্ষণপ্রাপ্ত জনবল দ্বারা নিয়মিত হালনাগাদ করার ব্যবস্থা নেয়া আবশ্যক যাতে করে ভৌগলিক ও প্রশাসনিক এলাকাভিত্তিক হালনাগাদ তথ্য সংশ্লিষ্ট সকল ব্যবহারকারীর নিকট সহজলভ্য হয় ; এবং
৩.২) প্রকল্পের কার্যক্রম সম্পূর্ণ আইসিটি নির্ভর হওয়ায় প্রযুক্তির দ্রুত পরিবর্তনের কারণে প্রকল্পে ব্যবহার্য কয়েকটি Software পরিবর্তন করে নতুন Software ব্যবহার করার প্রয়োজন হয়। এ কারণেও প্রকল্পের কাজ বিলম্বিত হয় এবং প্রকল্পের মেয়াদ ০১(এক) বছর বৃদ্ধি করা হয়েছিল; এবং	
৩.৩) প্রকল্পটি চলাকালীন এবং সমাপ্ত হওয়ার পর প্রকল্পটির কোন অডিট কার্যক্রম পরিচালনা করা হয়নি।	৩.২) প্রকল্পটি সমাপ্ত হয়ে গেছে গত ৩০.০৬.২০১৪ তারিখে। কিন্তু কোন অডিট কার্যক্রম পরিচালনা করা হয়নি। অনতিবিলম্বে অডিট কার্যক্রম পরিচালনা করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

প্রকল্পের নামঃ "Harmonization & Dissemination of Unified Agricultural Production Statistics Project" শীর্ষক প্রকল্প	
৩.৪) প্রকল্প বাস্তবায়নকালে তেমন কোন গুরুত্বপূর্ণ সমস্যা উদ্ভূত হয়নি মর্মে প্রকল্পসূত্রে অবহিত করা হয়েছে, তবে প্রকল্পটি চলাকালীন এবং সমাপ্ত হওয়ার পর প্রকল্পটির কোন অডিট কার্যক্রম পরিচালনা করা হয়নি ; এবং	৩.৩) প্রকল্পটি সমাপ্ত হয়ে গেছে গত ৩০.০৬.২০১৪ তারিখে। কিন্তু কোন অডিট কার্যক্রম পরিচালনা করা হয়নি। অনতিবিলম্বে অডিট কার্যক্রম পরিচালনা করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৩.৫) উন্নয়ন সহযোগী সংস্থা FAO থেকে অর্থ Disbursement-এর ক্ষেত্রে কখনও কখনও সমস্যা দেখা দিয়েছে মর্মে প্রকল্প পরিচালক অবহিত করেছেন।	৩.৪) ভবিষ্যৎ প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে উন্নয়ন সহযোগী সংস্থা কর্তৃক অর্থ ছাড়ের পদ্ধতি প্রকল্প বাস্তবায়নের প্রাক্কালেই নির্ধারণ করা শ্রেয় হবে ; এবং প্রকল্পটির আওতায় বিবিএস এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক যৌথভাবে শস্য (ধান) কর্তন ও হিসাব নিরূপণের ক্ষেত্রে Harmonized পদ্ধতি প্রয়োগ করা হয়েছে এবং তা সফল হয়েছে মর্মে জানা গেছে। সুতরাং ধান শস্যের পাশাপাশি পর্যায়ক্রমে অন্যান্য ফসল উৎপাদন হিসাব নিরূপণের ক্ষেত্রেও Harmonized পদ্ধতি প্রয়োগ করা যেতে পারে;
প্রকল্পের নামঃ **"মনিটরিং দ্যা সিচুয়েশন অব চিলড্রেন অ্যান্ড উইমেন (৩য় পর্যায়)"**শীর্ষক প্রকল্প	
৩.৬) প্রকল্প বাস্তবায়নকালে তেমন কোন গুরুত্বপূর্ণ সমস্যা উদ্ভূত হয়নি মর্মে প্রকল্পসূত্রে অবহিত করা হয়েছে। তবে উত্থাপিত অডিট আপত্তিগুলো এখনও নিষ্পত্তি করা হয়নি ; এবং	৩.৫) উত্থাপিত অডিট আপত্তিসমূহ যথাশীঘ্র নিষ্পত্তি করে আইএমইডি-কে অবহিত করতে হবে ;
৩.৭) প্রকল্পের আওতায় পরিচালিত MICS জরীপের চূড়ান্ত প্রতিবেদন ডিসেম্বর, ২০১৪ এর মধ্যে প্রকার করার লক্ষ্যমাত্রা ছিল কিন্তু অদ্যাবধি প্রতিবেদনটি প্রকাশ করা সম্ভব হয়নি।	৩.৬) MICS জরীপের চূড়ান্ত প্রতিবেদন যথাশীঘ্র প্রকাশ করার ব্যবস্থা নিতে হবে ; এবং প্রকল্পের আওতায় সম্পাদিত BD Info data base সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে অবগত করার লক্ষ্যে অব্যাহত প্রচেষ্টা নিতে হবে যাতে করে সকল stakeholder এর সুফল পেতে পারেন।
প্রকল্পের নামঃ "Strengthening of Industrial Statistics (Manufacturing Sector) of Bangladesh (SISB) Project" শীর্ষক প্রকল্প	
৩.৮) প্রকল্পটি বাসত্মবায়নে তেমন কোন সমস্যা উদ্ভূত হয়নি মর্মে প্রকল্পসূত্রে জানা গেছে। প্রকল্পের আওতায় নির্ধারিত সকল কাজ সম্পন্ন করা হয়েছে।	৩.৭) প্রকল্পটি নি:সন্দেহে একটি গুরুত্বপূর্ণ প্রকল্প। প্রকল্পের আওতায় জাতীয় শিল্পনীতি-২০১০ অনুযায়ী শিল্প উৎপাদন খাতের Benchmark information তৈরী করার প্রয়াস নেয়া হয়েছে। প্রকল্পের আওতায় পরিচালিত জরিপগুলো থেকে প্রাপ্ত তথ্য হালনাগাদ করার কার্যক্রম অব্যাহত রাখা বাঞ্ছনীয়, যাতে করে সরকার/পরিকল্পনাবিদগণ এবং গবেষকগণ এখাতে সময়ানুগ ও নিয়মিত তথ্য পেতে পারেন।

‘‘Strengthening of Industrial Statistics (Manufacturing Sector) of Bangladesh (SISB) Project’’ শীর্ষক

প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : ডিসেম্বর, ২০১৩)

১। **প্রকল্পের নাম :** **“Strengthening of Industrial Statistics (Manufacturing Sector) of Bangladesh (SISB) Project”**

২। **প্রকল্পের অবস্থান : বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সদর দফতর, আগারগাঁও, ঢাকা।**

৩। **বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।**

৪। **প্রশাসনিক মন্ত্রণালয় : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় ।**

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ (লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাসত্মবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
মোটঃ ৫০০.০০ জিওবিঃ ৫০০.০০ প্রঃসাঃ ---	মোটঃ ৫০০.০০ জিওবিঃ ৫০০.০০ প্রঃসাঃ ---	মোটঃ ৪৯৫.৩৬ টাকাঃ ৪৯৫.৩৬ প্রঃসাঃ ---	জানুয়ারি,২০১১ হতে জুন,২০১৩	জানুয়ারি,২০১১ হতে ডিসেম্বর,২০১৩	জানুয়ারি,২০১১ হতে ডিসেম্বর,২০১৩	--	৬ মাস (৮.৩৩%)

৬। **প্রকল্পের অর্থায়নঃ** প্রকল্পটি বাংলাদেশ সরকারের অর্থায়নে বাস্তবায়িত।

৭। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি :**(সংস্থা কর্তৃক সরবরাহকৃত পিসিআর এর তথ্যের ভিত্তিতে)

ক্র: নং	পিপি অনুযায়ী কাজের অংগ	একক	পিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭
	ক. রাজস্ব ব্যয় :					
০১)	সার্ভে/স্টাডি	থোক	৪৮.০৫		৪৮.০৫ (১০০%)	১০০%
০২)	ভ্রমণ ব্যয়		৯০.০০		৮৯.৯৯ (৯৯.৯৯%)	১০০%
০৩)	মুদ্রণ ও বাঁধাই	থোক	৩৪.০০		৩৩.৯০ (৯৯.৭১%)	১০০%
০৪)	কনসালটেন্সী		২৪.০১		২৩.৯৮ (৯৯.৮৮%)	১০০%
০৫)	প্রশিক্ষণ ব্যয় সেমিনার, কনফারেন্স		১৫২.৮৩		১৫০.৯৩ (৯৮.৭৬%)	১০০%
০৬)	সম্মানী ভাতা/ফি/পারিশ্রমিক	থোক	৯.৫৮		৯.৫৭ (৯৯.৯০%)	১০০%
০৭)	স্টেশনারী, সীল ও স্ট্যাম্প	থোক	১৪.০০		১৪.০০ (১০০%)	১০০%
০৮)	টেলিফোন/টেলিগ্রাম/টেলিপ্রিন্টার	থোক	১.৯০		১.৭১ (৯০%)	১০০%
০৯)	পেট্রোল ও লুব্রিক্যান্ট	থোক	১০.১০		১০.০৯ (১০০%)	১০০%
১০)	ওভার টাইম	থোক	১.৯৬		১.৯৬ (১০০%)	১০০%
১১)	প্রচার ও বিজ্ঞাপন	থোক	৩.৫০		৩.১৪ (৮৯.৭১%)	১০০%
১১)	বইপত্র ও সাময়িকী	থোক	৪.৩৫		৪.৩৪ (১০০%)	১০০%
১২)	হায়ারিং চার্জ	৩	১১.১১		১০.৮২ (৯৭.৩৯%)	১০০%

১৩)	বীমা/ব্যাংক চার্জেস	থোক	১.৩০		০.৮১ (৬২.৩১%)	১০০%
১৪)	অন্যান্য আনুষাংগিক ব্যয়	থোক	২১.৩১		২১.৩১ (১০০%)	১০০%
	মেরামত ও পুনর্বাসন :					
১৫)	মোটর যানবাহন	থোক	৪.০০		৪.০০ (১০০%)	১০০%
১৬)	কম্পিউটার ও অফিস সরঞ্জাম	থোক	২.৬০		২.৬০ (১০০%)	১০০%
	মোট রাজস্ব ব্যয় :		৪৩৪.৬০		৪৩১.২০ (৯৯.২২%)	১০০%

ক্র: নং	পিপি অনুযায়ী কাজের অংগ	একক	পিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭
	খ. মুলধন ব্যয় :					
	মোটর যান ▪ মাইক্রোবাস-১ টি	১	২৪.৯০		২৪.৯০ (১০০%)	১০০%
	কম্পিউটার ও যন্ত্রাংশ ▪ ডেস্কটপ কম্পিউটার-১০ টি ▪ সার্ভার-১ টি ▪ লেপটপ-১ টি ▪ স্ক্যানার-১ টি ▪ মাল্টিমিডিয়া প্রজেক্টর-১ টি ▪ প্রিন্টার-২ টি		২৫.৮২		২৫.৩৬ (৯৮.২২%)	১০০%
	অন্যান্য অফিস সরঞ্জাম ▪ ফটোকপিয়ার-৩ টি ▪ ফ্যাক্স মেশিন-২ টি ▪ টেলিফোন-১ টি ▪ সেলফোন-২ টি ▪ ভল্ট-২ টি ▪ এসি-২ টি		১১.১৬		১০.৬৩ (৯৫.২৫%)	১০০%
	আসবাবপত্র ▪ বুকসেল্‌ফ-৩ টি ▪ চেয়ার-১৩ টি ▪ কনফারেন্স টেবিল-১ টি ▪ অফিস টেবিল-১ টি ▪ কম্পিউটার টেবিল-৪ টি		৩.৫২		৩.২৭ (৯২.৯০%)	১০০%
	মোট মূলধন ব্যয় :		৬৫.৪০		৬৪.১৬ (৯৮.১০%)	১০০%
সর্বমোট ব্যয় (ক+খ)			**৫০০.০০**		**৪৯৫.৩৬ (৯৯.০৭%)**	**১০০%**

৮। সাধারণ পর্যবেক্ষণঃ

৮.১ প্রকল্পের পটভূমিঃ

বাংলাদেশের জিডিপিতে উৎপাদন খাত একটি বৃহৎ ও ক্রমপ্রসারমান খাত। দশ বা তদুর্ধ জনবল বিশিষ্ট প্রতিষ্ঠানসমূহের উপর পরিচালিত উৎপাদন শিল্প জরিপ হতে প্রাপ্ত তথ্যই এখাতের মধ্যম ও বৃহদাকার শিল্পের তথ্যের মূল উৎস হিসেবে বিবেচিত হয়ে আসছে।

বাংলাদেশ ১৯৭৩-৭৪ সাল থেকে নিয়মিতভাবে শিল্প পরিসংখ্যান আইন, ১৯৪২ এর অধীনে উৎপাদন শিল্প শুমারি ও জরিপ পরিচালনা করে আসছে। সকল উৎপাদন প্রতিষ্ঠানের পাশাপাশি ১০ বা তদুর্ধ জনবল বিশিষ্ট তাঁত শিল্পসমূহ ও এ জরিপের আওতাভুক্ত। এখাতের উৎপাদিত পণ্যের পরিমাণ, স্থায়ী মূলধন সৃষ্টি, কর্মসংস্থান ব্যয় এবং মোট মূল্য সংযোজন নির্ণয় করাই উৎপাদন শিল্প জরিপের উদ্দেশ্য।

যদিও বাংলাদেশের অর্থনীতিতে কৃষিই প্রধান খাত তারপরও শিল্পায়ন দেশের অর্থনীতিতে ক্রমবর্ধমান হারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলছে। কিন্তু উৎপাদন শিল্প জরিপ কেবলমাত্র ১০ এবং তদুর্ধ জনবলবিশিষ্ট প্রতিষ্ঠানসমূহকেই গণনার আওতাভুক্ত করে থাকে। ফলশ্রুতিতে অন্যান্য প্রতিষ্ঠানসমূহ এ জরিপের আওতাবহির্ভূত রয়ে যায় যা এ জরিপের একটি উল্লেখযোগ্য সীমাবদ্ধতা।

বিগত দশবছরে বাংলাদেশে ২০০১-০২ ও ২০০৫-০৬ অর্থবছরে মোট দুবার Census Manufacturing Industries (CMI)/Survey Manufacturing Industries (SMI) পরিচালনা করা হয়েছে। ২০০১-০২ সালে পরিচালিত জরিপের রিপোর্ট ২০০৬ সালে ও ২০০৫-০৬ সালে পরিচালিত জরিপের রিপোর্ট ২০১০ সালে প্রকাশিত হয়েছে। কিন্তু এ খাতের সময়ানুগ ও নির্ভরশীল তথ্যের প্রচুর চাহিদা রয়েছে। নানাবিধ কারণে বিবিএস এখাতে নিয়মিতভাবে জরিপ পরিচালনা করতে সমর্থ হয়নি। আলোচ্য প্রকল্পটি গ্রহণ ও বাস্তবায়নের মাধ্যমে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বেশ কিছু কর্মকর্তার দক্ষতা বৃদ্ধির মাধ্যমে এ জরিপ কার্যক্রমটি নিয়মিতভাবে পরিচালনার প্রয়াস নেয়া হয়েছে যাতে করে বাংলাদেশ সরকার/পরিকল্পনাবিদ/গবেষকবৃন্দ এ খাতের নির্ভরযোগ্য, সময়ানুগ ও নিয়মিত তথ্য পেতে পারেন এবং ফলশ্রুতিতে এখাতের উন্নয়নে পরিকল্পনা প্রণয়নসহ বিভিন্ন প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা সম্ভব হবে।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়েছিল দেশের শিল্প সেক্টরের নির্ভরযোগ্য ও নিয়মিত পরিসংখ্যান প্রাপ্তির লক্ষ্যে যাতে করে জাতীয় প্রবৃদ্ধিতে এ সেক্টরের অবদান নিরূপণ করা সম্ভব হয় এবং এ সেক্টরের আরও উন্নয়নের জন্য Evidence based নীতি নির্ধারণ করার ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করতে পারে।

৮.২ <u>প্রকল্পের উদ্দেশ্যঃ</u> প্রকল্পের মূল উদ্দেশ্যাবলী ছিল নিম্নরূপ :

- উৎপাদন শিল্পসমূহের (কুটির শিল্প) উপর জরিপ পরিচালনা ;
- উৎপাদন শিল্পসমূহের (ক্ষুদ্র, ছোট, মধ্যম ও বৃহদাকার শিল্প) উপর জরিপ পরিচালনা ;
- উৎপাদন খাতের বিজনেস রেজিষ্টার/ডাইরেক্টরী প্রণয়ন এবং সমন্বিত ডাটাবেজ তৈরী ;
- Bangladesh Standard Classification of Occupation (BSCO) প্রণয়ন ; এবং
- Bangladesh Central Product Classification (BCPC)।

৮.৩ <u>প্রকল্পের মূল কার্যক্রমঃ</u>

প্রকল্পটির মূল কার্যক্রম হচ্ছে সার্ভে/স্টাডি, মুদ্রণ ও বাঁধাই, কনসালটেন্সী, প্রশিক্ষণ ব্যয়, সেমিনার/কনফারেন্স, যানবাহন ক্রয়, অফিস সরঞ্জাম ক্রয় ইত্যাদি।

৯। <u>অনুমোদন পর্যায়ঃ</u>

''Strengthening of Industrial Statistics (Manufacturing Sector) of Bangladesh (SISB) Project'' শীর্ষক প্রকল্পটি JDCF অর্থায়নে মোট ব্যয় ৫০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০১১ হতে জুন, ২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ২৩.০১.২০১১ তারিখে অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটির ব্যয় অপরিবর্তিত রেখে কতিপয় সংশোধনসহ আন্ত:খাত সমন্বয় করে প্রকল্পটি ১ম বারের মত সংশোধন করা হয় যা ০৬.১২.২০১২ তারিখে অনুমোদিত হয়। পুনরায় অভ্যন্তরীণ বাজেট পুন:বন্টনের মাধ্যমে ব্যয় যুক্তিযুক্তকরণ, প্রকল্প নকশা প্রণয়ন ও Industrial Statistics সংশ্লিষ্ট কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বৈদেশিক প্রশিক্ষণের সংখ্যা বৃদ্ধি এবং প্রকল্পের কিছু কাজ অসম্পন্ন থাকায় প্রকল্প ব্যয় অপরিবর্তিত রেখে মেয়াদ ০৬ (ছয়) মাস বৃদ্ধিপূর্বক প্রকল্পটি দ্বিতীয়বারের মত সংশোধন করা যা ০৭.০৭.২০১৩ তারিখে মানীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

১০। প্রকল্পের অনুকূলে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে বছর ভিত্তিক বরাদ্দ ও অগ্রগতিঃ

(লক্ষ টাকায়)

অর্থবছর	সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে বরাদ্দ ও অগ্রগতি			অর্থ ছাড়	বছর ভিত্তিক ব্যয় ও বাসত্মব অগ্রগতি		
	মোট	টাকা	প্রঃ সাঃ		মোট	টাকা	প্রঃ সাঃ
২০১০-১১	১৪৪.৬২	১৪৪.৬২	--	১৪৪.৬২	১৪৪.৬২	১৪৪.৬২	--
২০১১-১২	১৮৬.৭৬	১৮৬.৭৬	--	১৮৬.৭৬	১৮৬.৭৬	১৮৬.৭৬	--
২০১২-১৩	১৪৮.৬২	১৪৮.৬২	--	১৪৮.০০	১৪৪.৩৬	১৪৪.৩৬	--
২০১৩-১৪	২০.০০	২০.০০	--	২০.০০	১৯.৬২	১৯.৬২	--
মোটঃ	৫০০.০০	৫০০.০০	--	৪৯৯.৩৮	৪৯৫.৩৬	৪৯৫.৩৬	--

* অবমুক্ত ৪৯৯.৩৮ লক্ষ টাকার মধ্যে ব্যয় হয়েছে ৪৯৫.৩৬ লক্ষ টাকা। অব্যয়িত ৪.০২ লক্ষ টাকা সরকারি কোষাগারে জমা দেয়া হয়েছে মর্মে প্রকল্পসূত্রে জানা গেছে।

১১। প্রকল্প ব্যবস্থাপনাঃ প্রকল্পের শুরু হতে সমাপ্তি পর্যন্ত নিম্নবর্ণিত কর্মকর্তা প্রকল্প পরিচালক-এর দায়িত্বে নিয়োজিত ছিলেনঃ

ক্র:নং	কর্মকর্তার নাম	পদবী	দায়িত্ব গ্রহণ	দায়িত্ব অর্পণ
১.	জনাব কবির উদ্দিন আহমেদ	উপ-পরিচালক বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো	১৯.১০.২০১০	প্রকল্প সমাপ্তি পর্যন্ত

১২। ????????? ?????????? ??????? ??????

প্রকল্পের উদ্দেশ্য	প্রকৃত অর্জন
১) উৎপাদন শিল্পসমূহের (কুটির শিল্প) উপর জরিপ পরিচালনা ;	১) জরিপ পরিচালনা করা হয়েছে;
২) উৎপাদন শিল্পসমূহের (ক্ষুদ্র, ছোট, মধ্যম ও বৃহদাকার শিল্প) উপর জপি পরিচালনা ;	২) জরিপ পরিচালনা করা হয়েছে;
৩) উৎপাদন খাতের বিজনেস রেজিষ্টার/ডাইরেক্টরী প্রণয়ন এবং সমন্বিত ডাটাবেজ তৈরী ;	৩) বিজনেস রেজিষ্টার/ডাইরেক্টরী প্রণয়ন করা হয়েছে ;
৪) BANGLADESH STANDARD CLASSIFICATION OF OCCUPATION (BSCO) প্রণয়ন ; এবং	৪) BSCO প্রতিবেদন ডিসেম্বর,২০১২ মাসে প্রকাশিত হয়েছে; এবং
৫) BANGLADESH CENTRAL PRODUCT CLASSIFICATION (BCPC) প্রণয়ন ।	৫) BCPC প্রতিবেদন এপ্রিল, ২০১২ মাসে প্রকাশিত হয়েছে।

১৩। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ কোন উল্লেখযোগ্য কাজ অসমাপ্ত নেই বলে অবহিত করা হয়েছে।

১৪। মূল্যায়ন পদ্ধতি (Methodelogy**) : ???????? ??????????? ??????? ????????? ????????:??? ?????? ??? ?????**

ক) ডিপিপি ও পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনা;

খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত Project Completion Report (PCR) পর্যালোচনা;

গ) PEC, Project Steering Committee, Project Implementation Committee (PIC) ইত্যাদি গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;

ঘ) প্রকল্পের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন এবং

ঙ) প্রাপ্ত তথ্যের উপর সংশিস্নষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১৫। মনিটরিং :

প্রকল্পটি বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বিভিন্ন কর্মকর্তা কর্তৃক বিভিন্ন সময়ে পরিদর্শন করা হয়েছে। প্রকল্প চলাকালীন আইএমইডি কর্তৃক প্রকল্পটি পরিদর্শন করা হয়নি। তবে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ০৬ (ছয়) মাস অর্থাৎ জুন,২০১৩ এর পরিবর্তে ডিসেম্বর,২০১৩ পর্যন্ত বৃদ্ধি করার পক্ষে আইএমইডি কর্তৃক সুপারিশ করা হয়।

১৬। অডিট সম্পর্কিত তথ্যঃ

(ক) **অভ্যমত্মরীণ অডিটঃ** প্রযোজ্য নয়।

(খ) **এক্সটার্নাল অডিটঃ** প্রকল্প চলাকালীন ২০১০-২০১১ অর্থবছরে ১৬-০২-২০১২ তারিখে প্রকল্পের উপর অডিট কার্যক্রম পরিচালনা করা হয়। ''জরিপ সংক্রান্ত বিভিন্ন কাজে পারিশ্রমিক প্রদানের জন্য ব্যয় যথাযথ কোড থেকে নির্বাহ করা হয়নি'' এবং ''প্রিন্টিং মেটেরিয়ালস অব্যবহৃত অবস্থায় বিদ্যমান রয়েছে''- এ দু'টি অডিট আপত্তি উত্থাপন করা হয়। অডিট আপত্তি দু'টি নিষ্পত্তি করা হয় মর্মে সংশিস্নষ্ট কাগজ-পত্র পরীক্ষা করে জানা গেছে। পুনরায় ২০১১-২০১২ অর্থবছরে ''সরবরাহকারীর বিল হতে আয়কর বাবদ ৮৩০৭/-টাকা কম কর্তন করা হয়েছে''-মর্মে আপত্তি উত্থাপন করা হয় এবং এ আপত্তিও নিষ্পত্তি করা হয়েছে বলে নিরীক্ষা প্রতিবেদন পরীক্ষান্তে দেখা গেছে। এরপর ২০১২-১৩ ও ২০১৩-১৪ -এ দু'টি অর্থবছরে ''প্রকল্প শেষ হওয়ার পরও গাড়ী ও ইকুইপমেন্ট হস্তান্তর করা হয়নি'' মর্মে আপত্তি উত্থাপিত হলে গাড়ী ও ইকুইপমেন্ট পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ইন্ডাস্ট্রিজ ও লেবার উইং-এ হসত্মামত্মর করা হয়েছে মর্মে অডিট আপত্তিটি নিষ্পত্তি করা হয়েছে যা নিরীক্ষা প্রতিবেদন পরীক্ষান্তে দেখা গেছে।

১৭। প্রকল্প পরিদর্শনঃ

উৎপাদন শিল্প খাতের তথ্য সংগ্রহণার্থে বর্তমানে ব্যবহৃত মেথডলজী আপডেট/যথোপযুক্তকরণ এবং শিল্প পরিসংখ্যান বিশেষ করে উৎপাদন শিল্প খাত ও অর্থনৈতিক পরিসংখ্যানের সমন্বিত উন্নয়নের জন্য জানুয়ারি,২০১১ থেকে ডিসেম্বর,২০১৩ পর্যন্ত মোট ০৩ বছর মেয়াদে প্রকল্পটি বাস্তবায়িত হয়। প্রকল্পটি সমাপ্ত হওয়ার পর প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) গত ২৪-০৬-২০১৪ তারিখে পাওয়া যায়। গত ২৬-১০-২০১৪ তারিখে প্রকল্প কার্যালয় পরিদর্শন করা হয়। প্রকল্প পরিচালক ও অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে সহায়তা করেন।

১৭.১ উৎপাদন শিল্প খাতের উপর নির্ভরযোগ্য এবং সময়োপযোগী তথ্যের বিপুল চাহিদা রয়েছে। কিন্তু সময়মত জরীপকাজ পরিচালনা করা হয়নি। গত ১০ বছরে মাত্র দুইবার অর্থাৎ ২০০১-২০০২ সালে Census of Manufacturing Industries(CMI) এবং ২০০৫-০৬ সালে Survey of Manufacturing Industries(SMI) অনুষ্ঠিত হয়। ২০০১-২০০২ সালে অনুষ্ঠিত CMI এর অফিসিয়াল প্রতিবেদন ২০০৬ সালে এবং ২০০৫-০৬ সালের SMI এর অফিসিয়াল প্রতিবেদন ২০১০ সালে প্রকাশিত হয়। এই প্রকল্পের মাধ্যমে বিবিএস এর কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে উদ্যোগ নেয়া হয়েছে এবং সংশ্লিষ্ট ফিল্ডে গবেষক ও নীতি নির্ধারকগণের সম্মুখে শিল্পখাতের একটি সুস্পষ্ট চিত্র তুলে ধরার প্রয়াস নেয়া হয়েছে যার মাধ্যমে এখাতের উন্নয়নের লক্ষ্যে নীতি প্রণয়ন করা সহজতর হবে মর্মে আশা করা যায়।

১৭.২ প্রকল্পের আওতায় উৎপাদন শিল্প খাতে ২ ধরনের জরিপ, উৎপাদন শিল্পখাতে Business Register প্রণয়ন এবং ২ টি DOCUMENT প্রস্তুত করা হয়েছে যা নিম্নে বর্ণিত হল :

ক. উৎপাদন শিল্প খাতের জরিপ (কুটির শিল্প) :

জাতীয় শিল্পনীতি ২০১০ অনুযায়ী কুটির শিল্প বলতে Household ভিত্তিক শিল্প প্রতিষ্ঠান পরিচালনা এবং যেখানে স্থায়ী সম্পদ এর মূল্য ৫ লক্ষ টাকার কম ও অনধিক ১০ জন কর্মী কাজ করেন এমন প্রতিষ্ঠানসমূহকে বোঝানো হয়। জাতীয় শিল্পনীতি-২০১০ এর সংজ্ঞা অনুসরণপূর্বক প্রকল্পের আওতায় কুটির শিল্পের উপর জরিপ পরিচালনা করা হয়েছে। যথাযথ পরিসাংখ্যিক পদ্ধতি অনুসরণ করে Sample size domain পর্যায় পর্যন্ত নির্ধারণপূর্বক জরিপের জন্য নমুনা আকার নির্বাচন করা হয়েছে এবং তা টেকনিক্যাল কমিটি/টেকনিক্যাল এক্সপার্ট কর্তৃক অনুমোদিত হয়েছে। এছাড়া ইতোপূর্বে সম্পাদিত SMI জরিপের নমুনার ডিজাইন, প্রশ্নমালা, তথ্য সংগ্রহ, তথ্য প্রক্রিয়াকরণ ও তথ্য বিশ্লেষণ এবং তথ্য প্রচারের পদ্ধতি মূল্যায়ন করে এই মূল্যায়নের উপর ভিত্তি করে আলোচ্য জরিপের জন্য নতুন ডিজাইন প্রস্তুত করা হয়েছে। কুটির শিল্পের উপর পরিচালিত এই জরিপের প্রতিবেদন ২০১৩ সনের আগস্ট মাসে প্রকাশিত হয়েছে। এ প্রতিবেদনে প্রতিষ্ঠানের মালিকানা, কর্মমীর সংখ্যা, শিল্প ব্যয়, fixed assets, gross value added ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে।

খ. উৎপাদন শিল্প ক্ষেত্রে জরিপ (ক্ষুদ্র, ছোট, মাঝারি এবং বৃহৎ) :

জাতীয় শিল্পনীতি-২০১০ অনুযায়ী জমি ও কারখানা ভবন ব্যতিরেকে প্রতিস্থাপন ব্যয়সহ অন্যান্য সকল স্থায়ী সম্পদের মূল্য ৫ লক্ষ থেকে ৫০ লক্ষ টাকার মধ্যে এবং যেসব শিল্প প্রতিষ্ঠানে ১০-২৪ জন শ্রমিক কাজ করে সে সকল শিল্প প্রতিষ্ঠানকে ক্ষুদ্র শিল্প বলে। অপরপক্ষে, জমি ও কারখানা ভবন ব্যতিরেকে প্রতিস্থাপন ব্যয়সহ অন্য সকল স্থায়ী সম্পদের মূল্য ৫০ লাখ থেকে ১০ কোটি টাকার মধ্যে এবং যেসব শিল্প প্রতিষ্ঠানে ২৫-৯৯ জন শ্রমিক কাজ করে সে সকল শিল্প প্রতিষ্ঠানকে ছোট শিল্প বলে সংজ্ঞায়িত করা হয়। এরপর জমি ও কারখানা ভবন ব্যতিরেকে প্রতিস্থাপন ব্যয়সহ অন্য সকল স্থায়ী সম্পদের মূল্য ১০ কোটি টাকা থেকে ৩০ কোটি টাকার মধ্যে এবং যেসব শিল্প প্রতিষ্ঠানে ১০০-১৫০ জন শ্রমিক কাজ করেন সে সকল শিল্প প্রতিষ্ঠানকে মাঝারি শিল্প হিসেবে আখ্যায়িত করা হয়। এছাড়া জমি ও কারখানা ভবন ব্যতিরেকে প্রতিস্থাপন ব্যয়সহ অন্য সকল স্থায়ী সম্পদের মূল্য ৩০ কোটি টাকার বেশি অথবা যে সকল শিল্প প্রতিষ্ঠানে ২৫০ জনের অধিক শ্রমিক নিয়োজিত সে সকল শিল্প প্রতিষ্ঠান বৃহৎ শিল্পের আওতায় পড়ে।

আলোচ্য প্রকল্পের অধীনে উৎপাদন শিল্প খাতে (ছোট, মাঝারি ও বৃহৎ শিল্প) জরিপ পরিচালনা করা হয়েছে যার প্রতিবেদন ডিসেম্বর,২০১৩ মাসে প্রকাশিত হয়েছে।

গ. বিজনেস রেজিস্টার :

শিল্প খাতের পরিসংখ্যানগত তথ্য সংগ্রহের উদ্দেশ্যে একটি Statistical frame হিসেবে ব্যবহারের জন্য প্রকল্পের আওতায় একটি বিজনেস রেজিস্টার প্রস্তুত করা হয়। উৎপাদন খাতে নমুনা জরিপ পরিচালনার ক্ষেত্রে তথ্য সংগ্রহের জন্য সকল অর্থনৈতিক ইউনিটের একটি তালিকা প্রণয়ন করা হয় যা Sampling frame হিসেবে পরিচিত। এই Sampling frame প্রণয়নের জন্য বিজনেস রেজিস্টার একটি গুরুত্বপূর্ণ পরিসাংখ্যিক মাধ্যম। জরিপের ফ্রেম প্রস্তুত করার জন্য কোন দ্বৈততা ও Exclusion ব্যতিরেকে সকল অর্থনৈতিক ইউনিট অন্তর্ভুক্ত করা হয়। তবে সকল ক্ষুদ্র (micro) এবং ছোট শিল্প প্রতিষ্ঠান অন্তর্ভুক্ত করা বাস্তব ক্ষেত্রে অত্যন্ত ব্যয়বহুল হয় ফলে এক্ষেত্রে একটি cut-off point অনুসরণ করা হয়। Sampling frame এ এই cut-off point নির্ধারণের জন্য শিল্প ইউনিটের অনুপাতের চেয়ে শিল্প ইউনিটগুলো অর্থনৈতিকভাবে মোট জাতীয় উৎপাদনে (GDP) কতটুকু অবদান রাখে তা জানা বেশি কার্যকরী। সামগ্রিক অর্থনীতির শিল্প প্রতিষ্ঠানের এলাকাভিত্তিক রেজিস্টার এক্ষেত্রে পরিপূরক ভূমিকা পালন করতে পারে।

প্রকল্পের অধীনে বিজনেস রেজিস্টার প্রস্তুত করার জন্য প্রশ্নমালা প্রণয়ন, Pre-test, উপাত্ত এডিটিং, Data base ডিজাইনের জন্য প্রোগ্রামিং, ডাটা এন্ট্রি, প্রক্রিয়াকরণ, বিশ্লেষণ পদ্ধতি অনুসরণের মাধ্যমে Sampling frame প্রণয়ন করা হয়েছে। যার ফলে বাংলাদেশের উৎপাদন শিল্পখাতের একটি সমন্বিত ডাটাবেজ প্রকল্পের আওতায় তৈরী করা সম্ভব হয়েছে।

ঘ. Bangladesh Standard Classification of Occupations (BSCO) প্রস্তুতি/উন্নয়ন:

আলোচ্য প্রকল্পের অধীনে পরিচালিত Bangladesh Standard Classification of Occupations (BSCO) জরিপের মাধ্যমে পেশাগত পরিসংখ্যানের আন্তর্জাতিক পর্যায়ে তুলনা ও তথ্য বিনিময় উপযোগী জাতীয় পেশাভিত্তিক পরিসংখানগত শ্রেণীবিন্যাস করা হয়েছে। BSCO জরিপের তথ্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক ইতোমধ্যে পরিচালিত Labour Force এবং Child Labour Survey 2013- এ ব্যবহার করা হয়েছে মর্মে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন সূত্রে জানা যায়। এছাড়া, এ জরিপের তথ্য আদমশুমারি ও গৃহগণনা, শ্রমশক্তি ও পেশাভিত্তিক পরিসংখ্যান সংশ্লিষ্ট জরিপসমূহে ব্যবহার করা সম্ভব হবে মর্মেও অবহিত করা হয়েছে।

International Labour Organization (ILO) কর্তৃক প্রণীত ISCO-2008 এর সাথে সামঞ্জস্য রেখে বাংলাদেশের প্রেক্ষাপটে প্রণীত BSCO REPORT টি আলোচ্য প্রকল্পের আওতায় ২০১২ সালের ডিসেম্বরে প্রকাশিত হয়।

ঙ. Bangladesh Central Product Classification (BCPC) প্রণয়ন/উন্নয়ন:

CENTRAL PRODUCT CLASSIFICATION (CPC) হচ্ছে সকল ধরনের দ্রব্য ও সেবা প্রদানের একটি সমন্বিত শ্রেণীবিন্যাস। এ আলোচ্য প্রকল্পের আওতায় UNITIED NATIONS কর্তৃক প্রণীত CPC VERSION-2 এর সাথে মিল রেখে বাংলাদেশের প্রেক্ষাপটে BANGLADESH CENTRAL PRODUCT CLASSIFICATION (BCPC) প্রণয়ন করা হয়েছে। এটি অর্থনৈতিক শুমারিসহ যে সকল জরিপে পণ্য ও সেবা প্রদানের তথ্য সংগৃহীত হয় সে সকল জরিপ ও শুমারির তথ্য প্রক্রিয়াকরণ ও সরবরাহে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আশা করা যায়। প্রকল্পের আওতায় ২০১২ সালের এপ্রিল মাসে BCPC প্রতিবেদনটি প্রকাশ করা হয়।

১৮। বাস্তবায়ন সমস্যাঃ

প্রকল্পটি বাস্তবায়নে তেমন কোন সমস্যা উদ্ভূত হয়নি মর্মে প্রকল্পসূত্রে জানা গেছে। প্রকল্পের আওতায় নির্ধারিত সকল কাজ সম্পন্ন করা হয়েছে।

১৯। সুপারিশঃ

প্রকল্পটি নি:সন্দেহে একটি গুরুত্বপূর্ণ প্রকল্প। প্রকল্পের আওতায় জাতীয় শিল্পনীতি-২০১০ অনুযায়ী শিল্প উৎপাদন খাতের BENCHMARK INFORMATION তৈরী করার প্রয়াস নেয়া হয়েছে। প্রকল্পের আওতায় পরিচালিত জরিপগুলো থেকে প্রাপ্ত তথ্য হালনাগাদ করার কার্যক্রম অব্যাহত রাখা বাঞ্ছনীয়, যাতে করে সরকার/পরিকল্পনাবিদগণ এবং গবেষকগণ এখাতে সময়ানুগ ও নিয়মিত তথ্য পেতে পারেন।

= ০ =

‘‘Digital Information System (DIS)’’

শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : জুন, ২০১৪)

১। প্রকল্পের নাম : ‘‘ Digital Information System (DIS)’’

২। প্রকল্পের অবস্থান : পরিসংখ্যান ভবন, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আগারগাঁও, ঢাকা।

৩। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

৪। প্রশাসনিক মন্ত্রণালয় : পরিকল্পনা মন্ত্রণালয়/পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ (লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
মোটঃ ১২৬৭.০০ জিওবিঃ১২৬৭.০০ প্রঃসাঃ ---	মোটঃ ৯২৯.০০ জিওবিঃ ৯২৯.০০ প্রঃসাঃ ---	মোটঃ ৮৭৮.৬৯ টাকাঃ ৮৭৮.৬৯ প্রঃসাঃ --	২০১১ - ২০১৩	জুলাই,২০১১ হতে জুন,২০১৪	জুলাই,২০১১ হতে জুন,২০১৪	--	৩৩%

৬। প্রকল্পের অর্থায়নঃ প্রকল্পটি সম্পূর্ণ বাংলাদেশ সরকারের অর্থায়নে বাস্তবায়িত।

৭। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি :(সংস্থা কর্তৃক সরবরাহকৃত পিসিআর এর তথ্যের ভিত্তিতে)

(লক্ষ টাকায়)

ক্র: নং	পিপি অনুযায়ী কাজের অংগ	একক	সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭
০১)	ভাতা	সংখ্যা	১১.০০	০৫	৮.৮৬ (৮০.৫৪%)	০৫ (১০০%)
০২)	ভ্রমণ ব্যয়	থোক	১০.০০	থোক	৯.৯২ (৯৯.২০%)	থোক
০৩)	টেলিফোন/মোবাইল/টেলিগ্রাম	থোক	৫.৫০	থোক	২.৯৩ (৫৩.২৭%)	থোক
০৪)	রেজিস্ট্রেশন ফি	সংখ্যা	৩.০০	০১	১.৯২ (৬৪%)	০১ (১০০%)
০৫)	গ্যাস এবং তেল	সংখ্যা	১২.০০	০২	৫.৮৭ (৪৮.৯১%)	০২ (১০০%)
০৬)	পেট্রোল এবং জ্বালানী	সংখ্যা	৬.০০	০২	৪.০০ (৬৬.৬৬%)	০২ (১০০%)
০৭)	মুদ্রণ এবং প্রকাশনা	থোক	৫.০০	থোক	৪.৮৫ (৯৭%)	থোক
০৮)	স্টেশনারী/সীল এবং স্ট্যাম্পস	থোক	৮.০০	থোক	৭.৮৪ (৯৮%)	থোক
০৯)	বই এবং জার্নাল	থোক	৫.০০	থোক	৫.০০ (১০০%)	থোক
১০)	বিজ্ঞপ্তি এবং প্রকাশনা	থোক	৫.০০	থোক	৪.৯৪ (৯৮.৮০%)	থোক
১১)	প্রশিক্ষণ ব্যয়	সংখ্যা	৩২.০০	২০৫	৩১.৯৬ (৯৯.৮৭%)	২০৫ (১০০%)
১২)	সেমিনাল, ওয়ার্কশপ	সংখ্যা	২০.০০	১০	১৮.১০ (৯০.৫০%)	১০ (১০০%)
১৩)	স্ট্যাডি ট্যুর	সংখ্যা	৬০.০০	১১	৬০.০০ (১০০%)	১১ (১০০%)

ক্র: নং	পিপি অনুযায়ী কাজের অংগ	একক	সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭
১৪)	এন্টারটেইনমেন্ট	থোক	৫.০০	থোক	৪.৯৭ (৯৯.৪০%)	থোক
১৫)	কর্মীদের ভাতা	থোক	৫.০০	থোক	৪.৫০ (৯০%)	থোক
১৬)	স্থানীয় পরামর্শক	সংখ্যা	১২.৫০	০১	১২.৫০ (১০০%)	০১ (১০০%)
১৭)	সন্মানী	থোক	১০.০০	থোক	১০.০০ (১০০%)	থোক
১৮)	হায়ারিং পারসোনেল	থোক	১৮.০০	থোক	৬.৮৮ (৩৮.২২%)	থোক
১৯)	সার্ভার রুম এবং কম্পিউটার ল্যাব ডেকোরেশন	সংখ্যা	১৮.০০	০২	১৮.০০ (১০০%)	০২ (১০০%)
২০)	কন্টিনজেন্সি	থোক	১৫.০০	থোক	১৪.৭৭ (৯৮.৪৬%)	থোক
২১)	যানবাহন রক্ষণাবেক্ষণ	সংখ্যা	৫.০০	০১	৫.০০ (১০০%)	০১ (১০০%)
২২)	কম্পিউটার/অফিস যন্ত্রপাতি	থোক	৪.০০	থোক	৩.৪৭ (৮৬.৭৫%)	থোক
২৩)	মেশিনারীজ এবং যন্ত্রপাতি	থোক	৫.০০	থোক	৪.৮৮ (৯৭.৬০%)	থোক
২৪)	আদার রিপেয়ার এন্ড স্টোরিং	থোক	৪.০০	থোক	৪.০০ (১০০%)	থোক
২৫)	যানবাহন ক্রয় (মাইক্রোবাস ২৭০০-২৮০০ সিসি)	সংখ্যা	৩৪.৯৯	০১	৩৪.৯৯ (১০০%)	০১ (১০০%)
২৬)	ক্যামেরা এবং ডিজিপিএস এবং সাউন্ড সিস্টেম	সংখ্যা	৬.০০	০৫	৬.০০ (১০০%)	০৫ (১০০%)
২৭)	মেশিনারী এবং অন্যান্য যন্ত্রপাতি	সংখ্যা	২১৯.৫০	৫২	২১৮.৯৩ (৯৯.৭৪%)	৫২ (১০০%)
২৮)	কম্পিউটার এবং আইসিটি যন্ত্রপাতি	সংখ্যা	৪৭.০০	১০৮৯	৪৬.৯৯ (৯৯.৯৮%)	১০৮৯ (১০০%)
২৯)	Creation Web enabled GIS based Information System	সংখ্যা	১১৫.০০	০১	১১১.১১ (৯৬.৬২%)	০১ (১০০%)
৩০)	কম্পিউটার সফটওয়্যার	সংখ্যা	১৬৬.০০	৫২	১৫৭.০০ (৯৪.৫৮%)	৫২ (১০০%)
৩১)	অফিস যন্ত্রপাতি	সংখ্যা	১৫.৭৯	৯৮	১০.৯৬ (৬৯.৪১%)	৯৮ (১০০%)
৩২)	আসবাবপত্র	সংখ্যা	৬.০০	১৪	৫.৬৪ (৯৪%)	১৪ (১০০%)
৩৩)	বৈদ্যুতিক যন্ত্রপাতি	থোক	৮.০০	থোক	৫.৮৩ (৭২.৮৭%)	থোক
৩৪)	টেলি কমিউনিকেশন নেটওয়ার্ক	থোক	১০.০০	থোক	৯.৭৬ (৯৭.৬০%)	থোক
৩৫)	অন্যান্য	থোক	১৬.৭২	থোক	১৬.৭২ (১০০%)	থোক
	মোট=		৯২৯.০০		৮৭৮.৬৯ (৯৪.৫৮%)	

প্রকল্পটির মূল প্রাক্কলিত ব্যয় ছিল ১২৬৭.০০ লক্ষ টাকা। পরবর্তীতে প্রকল্পটি ৯২৯.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে সংশোধন করা হয়। প্রকল্পের সংশোধিত ব্যয় ৯২৯.০০ লক্ষ টাকার বিপরীতে প্রকৃত ব্যয় হয়েছে ৮৭৮.৬৯ লক্ষ টাকা যা প্রাক্কলিত ব্যয়ের ৯৪.৫৮%। প্রকল্পের বাস্তব অগ্রগতি ৯৮.৬৫%। অব্যয়িত ৫০.৩১ লক্ষ টাকা রাষ্ট্রীয় কোষাগারে জমা দেয়া হয়েছে মর্মে প্রকল্পসূত্রে জানানো হয়েছে।

৭। সাধারণ পর্যবেক্ষণঃ

৭.১ প্রকল্পের পটভূমিঃ

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) আদমশুমারি ও গৃহগণনা সঠিকভাবে নিয়ন্ত্রণ ও তথ্যের মান উন্নয়ন লক্ষ্যে ১৯৭৮ সালে জিও কোডিং সিস্টেম ও ১৯৮৩ সালে স্ট্যাটিসটিক্যাল কার্টোগ্রাফি পদ্ধতি প্রচলন করে। কিন্তু প্রযুক্তিগত সীমাবদ্ধতার কারণে শুমারি ও জরিপের আর্থ-সামাজিক তথ্যের সাথে জিও রেফারেন্স উপাত্তের সংমিশ্রণ ঘটিয়ে যথাসময়ে এবং সঠিকভাবে তথ্য উরংংবসরহধঃব করা এখনও সম্ভব হয়নি। বর্তমানে শুমারি এবং জরিপ প্রতিবেদন প্রধানত পুস্তক আকারে প্রকাশ করা হয়ে থাকে। পুস্তক মুদ্রণের জন্য যথেষ্ট সময় ব্যয় হয়ে থাকে। আদম শুমারি, ২০০১ পরিচালনার জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো সারা দেশের আকাশ চিত্র (অবৎরধষ চরপঃঁৎব) গ্রহণ করেছে। ইতোমধ্যে এসব চিত্রের ডিজিটাল কপি সরেজমিনে যাচাই এবং দেশের প্রতিটি গ্রাম, মৌজা, ইউনিয়ন, উপজেলা ও জেলার সীমানা চিহ্নিত করে ডিজিটাল কভারেজ তৈরী করা হয়েছে। নবায়নকৃত এ ডিজিটাল কভারেজ বিভিন্নভাবে বিশ্লেষণ এবং শুমারি ও জরিপ তথ্যের ঞযবসধঃরপ সধঢ় ও গ্রাফের মাধ্যমে শুমারি উপাত্ত বিশ্লেষণ করে ন্যূনতম সময়ে তথ্য ব্যবহারকারীদের নিকট পৌঁছানোর লক্ষ্যে বিবেচ্য প্রকল্প প্রণয়ন করা হয়েছে। এ প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে দেশের প্রতিটি বিভাগ, জেলা, উপজেলা/থানা, ইউনিয়ন ও মৌজার জন্য একটি ওয়েবভিত্তিক ডিজিটাল ইনফরমেশন সিস্টেম তৈরী করার প্রচেষ্টা নেয়া হয়েছে যা ব্যবহার করে পরিকল্পনাবিদ, নীতি নির্ধারক ও গবেষকগণ বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন ত্বরান্বিত করতে সক্ষম হবেন বলে আশা করা যায়।

৭.২ প্রকল্পের উদ্দেশ্যঃ প্রকল্পের মূল উদ্দেশ্যাবলী ছিল নিম্নরূপ :

- সরকারের ভিশন ২০২১ বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সকল শুমারি ও জরিপের বিভিন্ন তথ্য সার্ভারে সংরক্ষণ করে ওয়েব এনাবল্ড জিআইএস বেইজড ইনফরমেশন সিস্টেমের মাধ্যমে বিভাগ, জেলা, উপজেলা/থানা, ইউনিয়ন ও মৌজাভিত্তিক তথ্য ডিজিটাল পদ্ধতিতে গ্রাফিক্যালি উপস্থাপন;
- বিভিন্ন ঝঢ়ধঃরধষ ডাটার সাথে Attribute ডাটা সংযোগ করে সকল প্রকারের তথ্যনীতি নির্ধারক, পরিকল্পনাবিদ ও গবেষকগণের কাজে সহজলভ্যকরণ;
- বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য ভৌগলিক ও প্রশাসনিক এলাকাভিত্তিক তথ্য সন্নিবেশ; এবং
- আইসিটি/জিআইএস এর উপর পরিসংখ্যান ব্যুরো ও অন্যান্য সংস্থার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন ধরনের প্রশিক্ষণ প্রদান।

৭.৩ প্রকল্পের মূল কার্যক্রমঃ

প্রকল্পের মূল কার্যক্রমসমূহ নিম্নে বর্ণিত হল:

- ✓ Digital data lab স্থাপন করা ;
- ✓ যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম সংগ্রহ করা;
- ✓ Web enabled GIS based Application Software প্রস্তুতকরণ;
- ✓ বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য ভৌগলিক ও প্রশাসনিক এলাকাভিত্তিক তথ্য Software-এ সন্নিবেশ করা ; এবং
- ✓ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর কর্মকর্তা/কর্মচারীদের আইসিটি/জিআইএস বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা।

৮। অনুমোদন পর্যায়ঃ

প্রকল্পটি গত ২৫.১০.২০১১ তারিখে ১২৬৭.০০ লক্ষ টাকায় প্রাক্কলিত ব্যয়ে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পের বাস্তবায়নকাল ছিল জুলাই, ২০১১ থেকে জুন, ২০১৩ পর্যন্ত। কিন্তু বরাদ্দের বিপরীতে অর্থ পুরোপুরি ছাড় না হওয়ায় এবং প্রকল্পের কার্যক্রম সম্পূর্ণ আইসিটি নির্ভর হওয়ায় প্রযুক্তির দ্রুত পরিবর্তনের কারণে প্রকল্পের কিছু অংগ পরিবর্তন করে ৯২৯.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্প দলিল সংশোধন করা হয় এবং প্রকল্পের মেয়াদ ০১ (এক) বছর অর্থাৎ জুন, ২০১৪ পর্যন্ত বৃদ্ধি করা হয়। সংশোধিত ডিপিপি মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ০৪.০৭.২০১৩ তারিখে অনুমোদিত হয়।

৯। প্রকল্পের অনুকূলে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে বছর ভিত্তিক বরাদ্দ ও অগ্রগতিঃ

(লক্ষ টাকায়)

অর্থবছর	সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে বরাদ্দ ও অগ্রগতি			অর্থ ছাড়	বছর ভিত্তিক ব্যয় ও বাস্তব অগ্রগতি		
	মোট	টাকা	প্রঃ সাঃ		মোট	টাকা	প্রঃ সাঃ
২০১১-১২	৯০.০০	৯০.০০	--	৯০.০০	৭৭.২০	৭৭.২০	--
২০১২-১৩	৪০০.০০	৪০০.০০	--	৪০০.০০	৩৮৬.৬২	৩৮৬.৬২	--
২০১৩-১৪	৪২৮.০০	৪২৮.০০	--	৪২৮.০০	৪১৪.৮৭	৪১৪.৮৭	--
মোট=	৯১৮.০০	৯১৮.০০	**--**	৯১৮.০০	৮৭৮.৬৯	৮৭৮.৬৯	**--**

১০। প্রকল্প ব্যবস্থাপনাঃ প্রকল্পের শুরূ হতে সমাপ্তি পর্যন্ত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র নিম্নবর্ণিত কর্মকর্তাগণ ''প্রকল্প পরিচালক''-এর দায়িত্ব পালন করেন:

ক্র:নং	কর্মকর্তার নাম	পদবী	দায়িত্ব গ্রহণ	দায়িত্ব অর্পণ	ধরণ
০১)	জনাব মো: মফিজুল ইসলাম	প্রোগ্রামার	২৭.০৭.২০১১	১৮.০৩.২০১৩	পূর্ণকালীন
০২)	জনাব যতন কুমার সাহা	সিস্টেম অ্যানালিস্ট	১৯.০৩.২০১২	৩০.০৬.২০১৪	পূর্ণকালীন

১১। ????????? ?????????? ??????? ??????

প্রকল্পের উদ্দেশ্য	প্রকৃত অর্জন
১) বর্তমান বিশ্বের চাহিদা অনুযায়ী এবং বর্তমান সরকারের DIGITAL VISION-কে সামনে রেখে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সকল শুমারি ও জরিপের বিভিন্ন তথ্যসমূহ সার্ভারে সংরক্ষণ করে WEB ENABLED GIS BASED INFORMATION SYSTEM-এর মাধ্যমে বিভাগ, জেলা, উপজেলা/থানা, ইউনিয়ন ও মৌজাভিত্তিক তথ্য DIGITAL পদ্ধতিতে GRAPHICALLY উপস্থাপন করা ;	১) বর্তমান বিশ্বের চাহিদা অনুযায়ী এবং বর্তমান সরকারের DIGITAL VISION-কে সামনে রেখে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সকল শুমারি ও জরিপের বিভিন্ন তথ্য সার্ভারে সংরক্ষণ করে WEB ENABLED GIS BASED INFORMATION SYSTEM-এর মাধ্যমে বিভাগ, জেলা, উপজেলা/থানা, ইউনিয়ন ও মৌজাভিত্তিক তথ্য DIGITAL পদ্ধতিতে GRAPHICALLY উপস্থাপন করার জন্য সফ্টওয়ারটি প্রণয়ন/স্থাপন করা হয়েছে যাতে করে বিশ্বের যে কোন লোক যে কোন স্থান থেকে্ওয়েব ব্রাউজারের মাধ্যমে BBS-এর যে কোন শুমারির তথ্য সংগ্রহ করতে পারবেন;
২) বিভিন্ন ঝঢ়ধঃরধষ ডাটার সাথে ATTRIBUTE DATA সংযোগ করে সকল প্রকার তথ্য নীতি নির্ধারক, পরিকল্পনাবিদ ও গবেষকদের নিকট সহজলভ্য করা;	২) GIS BASED DIGITAL INFORMATION SYSTEM LINKAGE WITH BBS WEBSITE স্থাপন করা হয়েছে; যার মাধ্যমে বিভিন্ন ঝঢ়ধঃরধষ DATA-এর সাথে ATTRIBUTE DATA সংযোগ স্থাপন করে সকল ধরনের তথ্য নীতি নির্ধারক, পরিকল্পনাবিদ ও গবেষকগণের কাজে সহজলভ্য করার লক্ষ্যে প্রণীত সফ্টওয়ারটি ব্যবহার শুরু হয়েছে;
৩) বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নের জন্য ভৌগলিক ও প্রশাসনিক এলাকাভিত্তিক তথ্য সন্নিবেশ করা ; এবং	৩) বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নের জন্য ভৌগলিক ও প্রশাসনিক এলাকাভিত্তিক তথ্য SOFTWARE-এ সন্নিবেশ করা হয়েছে ; এবং
৪) ICT/GIS-এর উপর পরিসংখ্যান ব্যুরো ও অন্যান্য সংস্থার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের প্রশিক্ষণের মাধ্যমে পেশাগত দক্ষতা বাড়ানোর লক্ষ্যে বিভিন্ন ধরনের প্রশিক্ষণ আয়োজন করা ;	৪) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং সংশ্লিষ্ট অন্যান্য সংস্থার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের পেশাগত দক্ষতা বাড়ানোর জন্য ICT/GIS বিষয়ক DIGITAL INFORMATION SYSTEM SOFTWARE-এর উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

১২। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ কোন উল্লেখযোগ্য কাজ অসমাপ্ত নেই বলে অবহিত করা হয়েছে।

??? ???????? ?(Methodology) : *???????? ??????????? ??????? ????????? ?????????? ?????? ??? ?????*

ক) ডিপিপি ও পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনা;

খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত PROJECT COMPLETION REPORT (PCR) পর্যালোচনা;

গ) PEC, PROJECT STEERING COMMITTEE, PROJECT IMPLEMENTATION COMMITTEE (PIC) ইত্যাদি গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;

ঘ) প্রকল্পের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন এবং

ঙ) প্রাপ্ত তথ্যের উপর সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১৪। মনিটরিং :

প্রকল্পটি বাস্তবায়নকালে প্রকল্পের মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০১ (এক) বছর অর্থাৎ জুন, ২০১৩ এর পরিবর্তে জুন, ২০১৪ পর্যন্ত বৃদ্ধি করার প্রয়োজন হয়। এ কারণে আইএমইডি কর্তৃক প্রকল্প কার্যালয় পরিদর্শনপূর্বক মেয়াদ বৃদ্ধির সুপারিশ করা হয়।

১৫। অডিট সম্পর্কিত তথ্যঃ

(ক) **অভ্যমন্তরীণ অডিটঃ** প্রকল্প চলাকালীন এবং প্রকল্প সমাপ্তির পর কোন অভ্যন্তরীণ অডিট কার্যক্রম পরিচালনা করা হয়নি মর্মে প্রকল্পসূত্রে জানা গেছে।

(খ) **এক্সটার্নাল অডিটঃ** প্রকল্পটি সম্পূর্ণ সরকারি অর্থায়নে বাস্তবায়িত হওয়ায় এক্সটার্নাল অডিট পরিচালনা করা হয়নি মর্মে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) সূত্রে জানা যায়।

১৬। প্রকল্প পরিদর্শনঃ

প্রকল্পটি সমাপ্ত হয়েছে ৩০.০৬.২০১৪ তারিখে। প্রকল্পটির সমাপ্তি প্রতিবেদন (PCR) পাওয়া গেছে ২৯.০৯.১৪ তারিখে। প্রকল্প কার্যালয় পরিদর্শন করা হয়েছে গত ০৬.১১.২০১৪ তারিখে। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক, প্রকল্পে নিয়োজিত প্রোগ্রামারসহ অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণ উপস্থিত ছিলেন এবং প্রয়োজনীয় তথ্য দিয়ে সহায়তা করেছেন। প্রকল্পটি ০১.০৭.২০১১ হতে ৩০.০৬.২০১৪ মেয়াদে বাস্তবায়িত হয়েছে এবং প্রকল্পের কার্যক্রম অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রকল্পটির মাধ্যমে একটি WEB ENABLED GIS BASED APPLICATION SOFTWARE প্রণয়ন করা হয়েছে। এর ফলে বিশ্বের যে কোন স্থান থেকে যে কোন ব্যক্তি ওয়েব ব্রাউজারের মাধ্যমে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক পরিচালিত বিভিন্ন শুমারির তথ্য সংগ্রহ করতে সক্ষম হবেন মর্মে প্রকল্পসূত্রে অবহিত করা হয়েছে।

১৬.১ প্রকল্পের মূল কার্যক্রমগুলোর মধ্যে উল্লেখযোগ্য হল Web enabled GIS based Application Software প্রণয়ন, Digital lab স্থাপন, GIS based Digital Information System Linkage with BBS Website স্থাপন, প্রশিক্ষণ প্রদান ইত্যাদি। প্রকল্পের কার্যক্রমসমূহ পরিদর্শনের বিবরণ নিম্নরূপ :



০২ নং ছবি : Digital Information System Project (DIS)

- প্রকল্পের আওতায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ভবনের চতুর্থ তলায় ২০ টি ওয়ার্ক স্টেশন সম্বলিত একটি Digital data lab স্থাপন করা হয়েছে :

০১ নং ছবি : প্রকল্পের আওতায় স্থাপিত ডিজিটাল ডেটা ল্যাব

- প্রকল্পের অন্যতম প্রধান কাজ অর্থাৎ Web enabled GIS based Application Software টি প্রণয়ন করা হয়েছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক পরিচালিত আদমশুমারি ১৯৯১, ২০০১ ও ২০১১ এর সংগৃহীত উপাত্ত সার্ভারে সংরক্ষণপূর্বক উল্লিখিত Software–এর মাধ্যমে দেশের বিভিন্ন প্রশাসনিক ইউনিটের (বিভাগ, জেলা, উপজেলা/থানা, ইউনিয়ন ও মৌজাভিত্তিক) বিভিন্ন ধরনের তথ্য Digital Format-এ সন্নিবেশ করে Graphically উপস্থাপন করা হয়েছে। Arc GIS License Software –এর সাহায্যে একাজটি সম্পন্ন করা হয়েছে।

০৪ নং ছবি : প্রকল্পের আওতায় স্থাপিত সার্ভার

- GIS based Digital Information System Linkage with BBS Website স্থাপন করা হয়েছে। গত ২৪.০৬.২০১৩ তারিখে Development of Web based GIS Application Software and Linkage with BBS Website (www.bbs.gov.bd) সংক্রান্ত বিষয়ে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। এছাড়া Center for Environmental and Geographic Information Services (CEGIS)-এর সাথে চুক্তি মোতাবেক মৌজা মানচিত্রে জিওকোড, গ্রাম ও মৌজার নাম এন্ট্রির কাজ সমাপ্ত হয়েছে। এ সংক্রান্ত ডাটা সার্ভারে সংরক্ষিত আছে যা পরিকল্পনাবিদ ও নীতিনির্ধারকগণসহ সংশ্লিষ্ট সকলেই ব্যবহার করতে পারবেন। এরূপ ডিজিটাল ইনফরমেশন সিস্টেমের ভিত্তিতে স্থানীয় ও কমিউনিটি পর্যায়ে তথ্যভিত্তিক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সহজ হবে।

০৩ নং ছবি : প্রকল্পের আওতায় প্রণীত সফট্ওয়্যারের উপর অনুষ্ঠিত কর্মশালা

- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তা/কর্মচারীসহ ICT/GIS বিষয়ক Digital Information System Software-এর উপর মোট ২০৫ জনকে প্রকল্পের আওতায় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

১৬.২ প্রকল্পের সংশোধিত প্রাক্কলিত ব্যয় ৯২৯.০০ লক্ষ টাকার বিপরীতে ব্যয় হয়েছে ৮৭৮.৬৯ লক্ষ টাকা। প্রকল্পের কয়েকটি অংগে বরাদ্দের বিপরীতে ব্যয় কম হয়েছে। যেমন গ্যাস ও জ্বালানী খাতে ব্যয় বরাদ্দ ১২.০০ লক্ষ টাকার স্থলে ৫.৮৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে। জনবল Hire করার জন্য নির্ধারিত বরাদ্দ ১৮.০০ লক্ষ টাকার বিপরীতে ব্যয় হয়েছে ৬.৮৮ লক্ষ টাকা। এর কারণ হিসেবে উল্লেখ করা হয়েছে যে, প্রকল্পের আওতায় ১১ জন কম্পিউটার অপারেটর, ডাটা এন্ট্রি অপারেটর নিয়োগ দেয়ার কথা থাকলেও দৈনিক মজুরী হিসেবে ০৪ জনকে নিয়োগ দেয়া হয় এবং বিবিএস এর জনবল দিয়েই অধিকাংশ কাজ করানো হয়। ফলে এখাতে অর্থ কম ব্যয় হয়েছে। প্রকল্পের আওতায় Computer Software ক্রয়ের জন্য বরাদ্দ ১৬৬.০০ লক্ষ টাকার বিপরীতে ব্যয় হয়েছে ১৫৭.০০ লক্ষ টাকা। সরকারী দপ্তর থেকে সফটওয়ার সরবরাহ করার কারণে দর কম হওয়ায় ব্যয়ও কম হয়েছে মর্মে অবহিত করা হয়েছে।

১৭। বাস্তবায়ন সমস্যাঃ

১৭.১ প্রকল্পটি বাস্তবায়নে তেমন গুরুত্বপূর্ণ সমস্যা উদ্ভূত হয়নি মর্মে প্রকল্পসূত্রে অবহিত করা হয়েছে। তবে প্রকল্পের প্রথম বছর অর্থাৎ ২০১১-১২ অর্থবছরে ৫৫৭.০০ লক্ষ টাকা বরাদ্দ রাখা হলেও ছাড় করা হয় মাত্র ৯০.০০ লক্ষ টাকা। ফলে প্রকল্পের কাজ শুরু করতে কিছুটা বিলম্ব ঘটেছে ;

১৭.২ প্রকল্পের কার্যক্রম সম্পূর্ণ আইসিটি নির্ভর হওয়ায় প্রযুক্তির দ্রুত পরিবর্তনের কারণে প্রকল্পে ব্যবহার্য কয়েকটি SOFTWARE পরিবর্তন করে নতুন SOFTWARE ব্যবহার করার প্রয়োজন হয়। এ কারণেও প্রকল্পের কাজ বিলম্বিত হয় এবং প্রকল্পের মেয়াদ ০১(এক) বছর বৃদ্ধি করা হয়েছিল; এবং

১৭.৩ প্রকল্পটি চলাকালীন এবং সমাপ্ত হওয়ার পর প্রকল্পটির কোন অডিট কার্যক্রম পরিচালনা করা হয়নি।

১৮। সুপারিশঃ

১৮.১ এটি একটি গুরুত্বপূর্ণ প্রকল্প। এ কারণে প্রকল্পের আওতায় প্রণীত WEB ENABLED GIS BASED APPLICATION SOFTWARE টি প্রকল্পের আওতায় প্রশিক্ষণপ্রাপ্ত জনবল দ্বারা নিয়মিত হালনাগাদ করার ব্যবস্থা নেয়া আবশ্যক যাতে করে ভৌগলিক ও প্রশাসনিক এলাকাভিত্তিক হালনাগাদ তথ্য সংশ্লিষ্ট সকল ব্যবহারকারীর নিকট সহজলভ্য হয় ; এবং

১৮.২ প্রকল্পটি সমাপ্ত হয়ে গেছে গত ৩০.০৬.২০১৪ তারিখে। কিন্তু কোন অডিট কার্যক্রম পরিচালনা করা হয়নি। অনতিবিলম্বে অডিট কার্যক্রম পরিচালনা করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

“মনিটরিং দ্যা সিচুয়েশন অব চিলড্রেন অ্যান্ড উইমেন (৩য় পর্যায়)”
শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্ত : জুন,২০১৪)

১। **প্রকল্পের অবস্থান : “মনিটরিং দ্যা সিচুয়েশন অব চিলড্রেন অ্যান্ড উইমেন (৩য় পর্যায়)”**

২। **প্রকল্পের অবস্থান :** **সমগ্র বাংলাদেশ।**

৩। **বাস্তবায়নকারী সংস্থা :** **বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।**

৪। **প্রশাসনিক মন্ত্রণালয় :** **পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ/পরিকল্পনা মন্ত্রণালয়।**

৫। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :**

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
মোট-৬৮৫.০০ টাকা-২৯.০০ প্র:সা:-৬৫৬.০০	মোট-৬৮৫.০০ টাকা-২৯.০০ প্র:সা:-৬৫৬.০০	মোট-৫৬১.১২ টাকা-২০.৬৯ প্র:সা:-৫৪০.৪৩	জানুয়ারি,২০১২ হতে ডিসেম্বর,২০১৩	জানুয়ারি,২০১২ হতে জুন, ২০১৪	জানুয়ারি,২০১২ হতে জুন, ২০১৪	-	০৬ মাস

৫। **প্রকল্পের অর্থায়নঃ** প্রকল্পটি ইউনিসেফ এবং জিওবি এর যৌথ অর্থায়নে বাস্তবায়িত হয়েছে।

৬। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি :**(সংস্থা কর্তৃক সরবরাহকৃত পিসিআর এর তথ্যের ভিত্তিতে)

(লক্ষ টাকায়)

ক্র: নং	পিপি অনুযায়ী কাজের অংগ	একক	সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭
১.	অফিস ইকুইপমেন্ট	সংখ্যা	৯.৫০	০৭ টি	৫.১১ (৫৩.৭৯%)	০৭ টি (১০০%)
২.	স্ট্যাডি ট্যুর	জন	৫৬.০০	১৫ জন	২২.৭৬ (৪০.৬৪%)	১১ জন (৭৩.৩৩%)
৩.	লোকাল ট্যুর	জন	৭.০০	থোক	৬.৭৮ (৯৬.৮৬%)	১১৫
৪.	ওয়ার্কশপ/সেমিনার	সংখ্যা	৬৫.৫০	থোক	৪৭.০৩ (৭১.৮০%)	৩০৫০
৫.	সার্ভে	সংখ্যা	৫১৭.০০	২ টি	৪৫৮.৭৫ (৮৮.৭৩%)	১ টি (৫০%)
৬.	যানবাহন ও যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ এবং মেরামত	সংখ্যা	৪.০০	থোক	২.৮৫ (৭১.২৫%)	থোক
৭.	অফিস ব্যবস্থাপনা ভাতা	থোক	২০.৭০	থোক	১৩.৫৬ (৬৫.৫১%)	থোক
৮.	অফিস আসবাবপত্র	সংখ্যা	১.০০	থোক	-	থোক
৯.	অন্যান্য ব্যয়	থোক	৪.৩০	থোক	৪.২৮ (৯৯.৫৪%)	থোক
	মোট=		**৬৮৫.০০**	-	**৫৬১.১২ (৮১.৯২%)**	-

৬.১ প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ছিল ৬৮৫.০০ লক্ষ টাকা (প্র:সা: ৬৫৬.০০ লক্ষ টাকা+জিওবি ২৯.০০ লক্ষ টাকা) এবং এর বিপরীতে ব্যয় হয়েছে ৫৬১.১২ লক্ষ টাকা (প্র:সা: ৫৪০.৪৩ লক্ষ টাকা+জিওবি ২০.৬৯ লক্ষ টাকা) যা ব্যয়ের ৮২%। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) ও উন্নয়ন সহযোগী সংস্থা UNICEF এর যৌথ উদ্যোগে প্রণীত ও অনুমোদিত কর্ম-পরিকল্পনা অনুযায়ী UNICEF থেকে অর্থ ছাড় করা হয়েছে মর্মে জানা গেছে এবং ছাড়কৃত পুরো অর্থই ব্যয় করা হয়েছে। জিওবি অংশের অব্যয়িত ৮.৩১ লক্ষ টাকা সরকারী কোষাগারে জমা দেয়া হয়েছে মর্মে জানা গেছে। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিম্নে বর্ণিত হল :

৬.১.১ অফিস ইকুইপমেন্টস : অফিস ইকুইপমেন্টস খাতে বরাদ্দ ছিল ৯.৫০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ৫.১১ লক্ষ টাকা। তবে ব্যয় কম হলেও ক্রয়ের লক্ষ্যমাত্রা পূরণ করা হয়েছে অর্থাৎ বাস্তব অগ্রগতি ১০০%।

৬.১.২ স্টাডি ট্যুর : এখাতে বরাদ্দ ছিল ৫৬.০০ লক্ষ টাকা এবং ব্যয় করা হয়েছে ২২.৭৬ লক্ষ টাকা (৪০.০৬%)। বিবিএস এর মোট ১১ জন কর্মকর্তা কম্বোডিয়া, থাইল্যান্ড ও তুরস্কে যথাক্রমে ৫, ৫ ও ৮ দিন করে শিক্ষা সফরে অংশগ্রহণ করেছেন মর্মে PCR সূত্রে জানা গেছে। UNICEF কর্তৃক শিক্ষা সফর পরিচালনা করা হয়েছে মর্মে অবহিত করা হয়েছে।

৬.১.৩ লোকাল ট্যুর : এখাতে বরাদ্দ রাখা হয়েছিল ৭.০০ লক্ষ টাকা এবং ব্যয়িত হয়েছে ৬.৭৮ লক্ষ টাকা। বিবিএস এর মোট ১১৫ জন কর্মকর্তাকে ডাটাবেইজ ম্যানেজমেন্ট/সফটওয়ার ট্রেনিং বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে।

৬.১.৪ কর্মশালা/সেমিনার : কর্মশালা খাতে বরাদ্দ ছিল ৬৫.৫০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ৪৭.০৩ লক্ষ টাকা। বিভিন্ন কর্মশালায় মোট ৩০৫০ জন অংশ গ্রহণকারীর TA/DA ইত্যাদি খাতে এ টাকা ব্যয় করা হয়েছে মর্মে জানা গেছে।

৬.১.৫ সার্ভে : এখাতে বরাদ্দ ছিল ৫১৭.০০ লক্ষ টাকা এবং ২ টি সার্ভে পরিচালনা লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছিল। বাস্তবে ১ টি সার্ভে পরিচালনা করা হয়েছে এবং ব্যয় হয়েছে ৪৫৮.৭৫ লক্ষ টাকা। Child Risk Measure Survey (CRMS) জরীপটি পরবর্তীতে প্রকল্প সংশোধনের সময় না করার পক্ষে সিদ্ধান্ত নেয়া হয়।

৬.১.৬ যানবাহন, রক্ষণাবেক্ষণ/মেরামত : এখাতে বরাদ্দকৃত ৪.০০ লক্ষ টাকার মধ্যে ব্যয় হয়েছে ২.৮৫ লক্ষ টাকা। প্রয়োজনীয়তার নিরিখে এখাতে ব্যয় করা হয়েছে মর্মে অবহিত করা হয়েছে।

৬.১.৭ অফিস ম্যানেজমেন্ট : এখাতে বরাদ্দ ছিল ২০.৭০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ১৩.৫৬ লক্ষ টাকা।

৬.১.৮ অফিস আসবাবপত্র : এখাতে ১.০০ লক্ষ টাকা রাখা হলেও কোন ব্যয় করা হয়নি। প্রসংগত উল্লেখ্য, প্রকল্পের সকল ধরনের ক্রয় কার্যক্রম UNICEF কর্তৃক সরাসরি ব্যয় করা হয়েছে।

৬.১.৯ অন্যান্য ব্যয় : এখাতে বরাদ্দ ৪.৩০ লক্ষ টাকার বিপরীতে ব্যয় করা হয়েছে ৪.২৮ লক্ষ টাকা অর্থাৎ প্রায় পুরোটাই ব্যয় করা হয়েছে।

৭.০ সাধারণ পর্যবেক্ষণঃ

৭.১ প্রকল্পের পটভূমিঃ

বাংলাদেশ জাতিসংঘের শিশু অধিকার সনদে স্বাক্ষরকারী দেশ, যে সনদে প্রতিটি শিশুরই পূর্ণ সম্ভাবনাময় হয়ে গড়ে ওঠার অধিকারের কথা বলা হয়েছে। শিশুর অধিকার প্রতিষ্ঠা ও জীবনযাত্রার মানোন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ সরকার জাতীয় কর্ম-পরিকল্পনা প্রণয়ন করেছে। ১৯৯০ সালে অনুষ্ঠিত বিশ্ব শীর্ষ সম্মেলনের ঘোষণা এবং বাংলাদেশ জাতীয় কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি পরিবীক্ষণের জন্য ২০০১-২০০৭ মেয়াদে মনিটরিং দ্যা সিচুয়েশন অব চিলড্রেন এন্ড ওমেন (১ম পর্যায়) শীর্ষক একটি প্রকল্প বাস্তবায়িত হয়। এর মাধ্যমে শিশু অধিকার অর্জনের অগ্রগতি পরিবীক্ষণ এবং মহিলা ও শিশুদের অধিকার প্রতিষ্ঠায় সচেতনতা সৃষ্টির জন্য দেশের ৬৪টি জেলায় থানাভিত্তিক জরিপ পরিচালনার মাধ্যমে শিশু ও মহিলাদের অবস্থা সম্পর্কিত তথ্য সংগ্রহ ও মহিলাদের উন্নয়নের অর্জিত অগ্রগতি পরিবীক্ষণ করা হয়, যা জাতীয় ও জেলাভিত্তিক পরিকল্পনা প্রক্রিয়ায় সহায়ক হয়েছে। এ কার্যক্রমের ধারাবাহিকতা রক্ষা জাতীয় স্বার্থে অনিবার্য। তাই এর ধারাবাহিকতায় UNICEF এবং জিওবি এর যৌথ অর্থায়নে আলোচ্য প্রকল্পের ২য় পর্যায় ২০০৭-২০১১ মেয়াদে বাস্তবায়িত হয় এবং প্রকল্পের এ পর্যায়ে "Multiple Indicator Cluster Survey (MICS)" পরিচালনার মাধ্যমে মহিলা ও শিশুদের সার্বিক অবস্থা পরিবীক্ষণপূর্বক প্রতিবেদন প্রকাশিত হয়। প্রকল্পের ২য় পর্যায়ের কাজের ধারাবাহিকতা বজায় রাখার লক্ষ্যে UNICEF ৯০০.০০ ইউএস ডলার প্রদানে সম্মতি প্রদান করে এবং প্রকল্পের ৩য় পর্যায়ের কাজ ২০০১-১৪ সময়কালে বাস্তবায়ন করা হয়।

৭.২ প্রকল্পের উদ্দেশ্যঃ **প্রকল্পের মূল উদ্দেশ্য ছিল :**

ক. মাল্টিপল ইন্ডিকেটর ক্লাস্টার সার্ভে (MICS) পরিচালনার মাধ্যমে দেশের মহিলা ও শিশুদের অবস্থা পরিবীক্ষণ এবং বিশ্লেষণের নিমিত্ত সঠিক ও আন্তর্জাতিক মানসম্পন্ন তথ্য উপস্থাপন;

খ. MDG, PRSP এবং National Plan of Action (NPA) সম্পর্কিত ইন্ডিকেটর পরিবীক্ষণের জন্য Dev Info প্রাতিষ্ঠানিকীকরণের মাধ্যমে জাতীয় ডাটাবেইজ প্রতিষ্ঠাকরণ;

গ. MICS-5 আন্তর্জাতিক pilot survey পরিচালনা ; এবং

ঘ. বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (BBS)-এর আওতায় পরিচালনাধীন "Sample Vital Registration System (SVRS)" শীর্ষক প্রকল্পে কারিগরী সহায়তা প্রদান।

৮। অনুমোদন পর্যায়ঃ

"মনিটরিং দ্যা সিচুয়েশন অব চিলড্রেন এন্ড উইমেন (৩য় পর্যায়)" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পটি মোট ৬৮৫.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে (প্রকল্প সাহায্য ৬৫৬.০০ লক্ষ টাকা + জিওবি ২০.০০ লক্ষ টাকা) জানুয়ারি, ২০১২ হতে ডিসেম্বর, ২০১৩ পর্যন্ত মেয়াদকালে বাস্তবায়নের জন্য গত ০২.০৫.২০১২ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয় কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের কার্যপ্রণালী পরিবর্তনের কারণে প্রাক্কলিত ব্যয় ও মেয়াদকাল অপরিবর্তিত রেখে প্রকল্পটি সংশোধন করা হয় যা মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয় কর্তৃক ০৭.০৮.২০১৩ তারিখে অনুমোদিত হয়। এরপর প্রকল্পের নির্ধারিত মেয়াদের মধ্যে কাজ সম্পন্ন না হওয়ায় প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ০৬ (ছয়) মাস অর্থাৎ জুন,২০১৩ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

৯। প্রকল্পের অনুকূলে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে বছর ভিত্তিক বরাদ্দ ও অগ্রগতিঃ

(লক্ষ টাকায়)

অর্থবছর	সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে বরাদ্দ ও অগ্রগতি			অর্থ ছাড়	বছর ভিত্তিক ব্যয় ও বাস্তব অগ্রগতি		
	মোট	টাকা	প্রঃ সাঃ		মোট	টাকা	প্রঃ সাঃ
২০১১-২০১২	-	-	-	-	-	-	-
২০১২-২০১৩	৫১২.০০	২১.০০	৪৯১.০০	২১.০০	৪৭৩.৬৯	১২.৮৯	৪৬০.৮০
২০১৩-২০১৪	১৭৩.০০	৮.০০	১৬৫.০০	৮.০০	৮৭.৪৩	৭.৮০	৭৯.৬৩
মোট=	৬৮৫.০০	২৯.০০	৫৬৫.০০	২৯.০০	৫৬১.১২	২০.৬৯	৫৪০.৪৩

প্রকল্পটির মূল প্রাক্কলিত ব্যয় ৬৮৫.০০ লক্ষ টাকার বিপরীতে মোট ব্যয় হয়েছে ৫৬১.১২ লক্ষ টাকা (প্র:সা: ৬৫৬.০০ লক্ষ টাকা+জিওবি ২৯.০০ লক্ষ টাকা)। প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) সূত্রে জানা গেছে যে, প্রকল্পের বিপরীতে প্রকল্প সাহায্য (PA) হিসেবে বরাদ্দের পরিমাণ ৬৫৬.০০ লক্ষ টাকা হলেও কার্যক্ষেত্রে কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন করার ক্ষেত্রে এ পরিমাণ অর্থের প্রয়োজন হয়নি। তাই বিবিএস ও উন্নয়ন সহযোগী সংস্থা UNICEF এর যৌথ উদ্যোগে প্রণীত ও অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনা অনুযায়ী UNICEF কর্তৃক অর্থ ছাড় করা হয়েছে এবং তদনুযায়ী টিপিপি-তে প্রস্তাবিত কার্যাবলী পরিচালনা করা হয়েছে। ফলে প্রকল্প ব্যয় কম হয়েছে অর্থাৎ প্রকল্পের প্রকৃত ব্যয় ৫৬১.১২ লক্ষ টাকা। তন্মধ্যে প্র:সা: ৫৪০.৪৩ লক্ষ টাকা এবং জিওবি ২০.৬৯ লক্ষ টাকা।

১০.০ প্রকল্প ব্যবস্থাপনাঃ প্রকল্পের শুরু হতে সমাপ্তি পর্যন্ত নিম্নবর্ণিত কর্মকর্তা ''প্রকল্প পরিচালক''-এর দায়িত্ব পালন করেন:

ক্র:নং	কর্মকর্তার নাম	পদবী	দায়িত্ব গ্রহণ	দায়িত্ব অর্পণ	ধরন
০১)	ড: দীপংকর রায়	উপ-পরিচালক বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো	০১.০৭.২০১০	৩০.০৬.২০১৪	পূর্ণকালীন

১১। ????????? ?????????? ??????? ??????

প্রকল্পের উদ্দেশ্য	প্রকৃত অর্জন
১) মাল্টিপল ইন্ডিকেটর ক্লাস্টার সার্ভে (MICS) পরিচালনার মাধ্যমে মহিলা ও শিশুদের অবস্থা পরিবীক্ষণ এবং বিশ্লেষণের নিমিত্তে সঠিক ও আন্তর্জাতিক মানসম্পন্ন তথ্য উপস্থাপন ;	১) প্রকল্পের আওতায় ডিসেম্বর, ২০১২ – এপ্রিল, ২০১৩ সময়ে একটি মাল্টিপল ইন্ডিকেটর ক্লাস্টার সার্ভে **(MICS)** পরিচালনা করা হয়েছে। জাতীয় পর্যায়ের Key findings ঢাকায় অবস্থিত বংগবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে উপস্থাপন করা হয় এবং জেলা পর্যায়ের Key findings ৬০ টি জেলার জেলা প্রশাসকদের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় dissemination করা হয়। চূড়ান্ত প্রতিবেদন কর্ম-পরিকল্পনা অনুযায়ী ডিসেম্বর, ২০১৪ নাগাদ প্রকাশিত হওয়ার কথা ছিল।
২) MDG, Five year plan, এবং Perspective Plan এর Indicator সমূহ নিয়মিত পরিবীক্ষণের জন্য BD Info (Bangladesh Development Info) নিয়মিত হালনাগাদকরণ ;	২) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং অন্যান্য সংশ্লিষ্ট দপ্তরের মোট ১১৫ জন কর্মকর্তাকে BD Info Admin এবং user Interface module এর উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
৩) মাল্টিপল ইন্ডিকেটর ক্লাস্টার সার্ভে-৫ শীর্ষক পাইলট সার্ভে পরিচালনা ; এবং	৩) বাংলাদেশ গ্লোবাল রাউন্ডে "মাল্টিপল ইন্ডিকেটর ক্লাস্টার সার্ভে-৫" পরিচালনার জন্য পাইলটিং দেশ হিসেবে নির্বাচিত হয় এবং এর পরিপ্রেক্ষিতে ২০১২ সালের এপ্রিল-জুন মাসে বগুড়া ও সিরাজগঞ্জ জেলায় সাফল্যের সাথে পাইলট সার্ভে পরিচালনা করা হয়। এই পাইলট সার্ভের প্রাপ্ত findings আনুমানিক ৬০ টি দেশের MICS পরিচালনায় সহায়ক ভূমিকা পালন করবে।
৪) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (BBS)-এর আওতায় পরিচালনাধীন Sample Vital Registration System (SVRS)-কে কারিগরী সহায়তা প্রদান।	৪) SVRS প্রকল্পের প্রতিবেদন প্রণয়নে কারিগরি সহায়তা প্রদান করা হচ্ছে। এছাড়া SVRS এর Female Register গণের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ব্যবস্থা গ্রহণের পরিকল্পনা নেয়া হচ্ছে।

১২। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ কোন উল্লেখযোগ্য কাজ অসমাপ্ত নেই বলে অবহিত করা হয়েছে। তবে ডিসেম্বর,২০১৪ নাগাদ MICS জরীপের চূড়ান্ত প্রতিবেদন প্রকাশের কথা থাকলেও এখনও সেটি প্রকাশ করা হয়নি।

??? ???????? ??(Methodology) : *???????? ??????????? ??????? ????????? ?????????? ?????? ??? ????*

ক) টিপিপি ও পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনা;

খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত PROJECT COMPLETION REPORT (PCR) পর্যালোচনা;

গ) PEC, PROJECT STEERING COMMITTEE, PROJECT IMPLEMENTATION COMMITTEE (PIC) ইত্যাদি গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;

ঘ) প্রকল্পের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য প্রকল্প কার্যালয় সরেজমিনে পরিদর্শন এবং

ঙ) প্রাপ্ত তথ্যের উপর সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১৪। মনিটরিং:

প্রকল্পটি আইএমইডি কর্তৃক সরাসরি পরিদর্শন করা হয়নি। তবে প্রকল্প বাস্তবায়ন কমিটি (PIC), স্টিয়ারিং কমিটিসহ বিভিন্ন সভায় অংশগ্রহণের মাধ্যমে পরিবীক্ষণ করার প্রয়াস নেয়া হয়েছে।

১৫.০ অডিট সম্পর্কিত তথ্যঃ

(ক) **অভ্যন্তরীণ অডিটঃ** প্রকল্প চলাকালীন এবং প্রকল্প সমাপ্তির পর কোন অভ্যন্তরীণ অডিট কার্যক্রম পরিচালনা করা হয়নি মর্মে প্রকল্পসূত্রে জানা গেছে।

(খ) **এক্সটার্নাল অডিটঃ** FAPAD কর্তৃক ২০১১-২০১২ এবং ২০১২-১৩ সালে প্রকল্পের উপর মোট দুটি অডিট কার্যক্রম পরিচালনা করা হয়। ২০১১-২০১২ সালে সম্পাদিত অডিট প্রতিবেদনে "SUPPLIERS' বিলসমূহে ভ্যাট কর্তন না করার ফলে সরকারের রাজস্ব হিসেবে ২,৬০,৩০৯.০০ টাকা ক্ষতি হয়েছে" মর্মে অডিট আপত্তি উত্থাপন করা হয়। এরপর ২০১২-১৩ সালে সম্পাদিত অডিট প্রতিবেদনে "ভ্যাট কর্তন না করা বাবদ ৩,৭৩,৫২৫ টাকা রাজস্ব ক্ষতি হয়েছে, প্রশিক্ষণ কর্মসূচীতে প্রশিক্ষণার্থীদের TA, ACCOMMODATION, FOOD এবং TRAINING ALLOWANCE ছাড়াও Daily Subs istance Allowance (DSA) অতিরিক্ত অর্থ প্রদান করা হয়েছে যা কোন কোন ক্ষেত্রে প্রাপ্যতা বহির্ভূত ছিল এবং অতিরিক্ত অর্থ প্রদানের পক্ষে কোন সরকারি আদেশ সরবরাহ করা হয়নি" মর্মে ৩ টি আপত্তি উত্থাপিত হয়। অডিট আপত্তিগুলোর বিপরীতে প্রকল্প থেকে উত্তর FAPAD এ প্রেরণ করা হয়েছে, তবে পরিদর্শনের দিন পর্যন্ত অডিট আপত্তি সম্পূর্ণ নিষ্পত্তি করা হয়নি মর্মে জানা গেছে।

১৬। প্রকল্প পরিদর্শনঃ

গত ২৫.০২.১৫ তারিখে প্রকল্পটি পরিদর্শন করা হয় এবং প্রকল্প পরিচালকের সাথে প্রকল্পের বাস্তবায়নের বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়। প্রকল্প পরিচালক ও প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রয়োজনীয় তথ্য দিয়ে সহায়তা করেন। আলোচনায় প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত প্রাপ্ত তথ্য নিম্নে বর্ণিত হলঃ

১৬.১ মাল্টিপল ইন্ডিকেটর ক্লাস্টার সার্ভে (MICS) পরিচালনা :

আলোচ্য প্রকল্পের মূল কম্পোনেন্ট ছিল মাল্টিপল ইন্ডিকেটর ক্লাস্টার সার্ভে (MICS) পরিচালনা করা। প্রকল্পের আওতায় বাংলাদেশের মহিলা ও শিশুদের আর্থ-সামাজিক অবস্থা পরিবীক্ষণের লক্ষ্যে শিক্ষা, স্বাস্থ্য, পরিবেশ ইত্যাদি সংক্রান্ত ১৭ টি MDG ইন্ডিকেটরসহ ৭৮ টি ইন্ডিকেটরের সাহায্যে এই সার্ভেটি (২০১২-১৩) পরিচালনা করা হয়। এই সার্ভে পরিচালনার মূল উদ্দেশ্য ছিল দেশের নারী ও শিশুদের অবস্থা নিরূপণে হালনাগাদ তথ্য প্রদান, MDG লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি পরিবীক্ষণের জন্য প্রয়োজনীয় তথ্য/উপাত্ত প্রদানের মাধ্যমে সকল পর্যায়ের তথ্য ব্যবহারকারী, STAKEHOLDER এবং সরকারকে সহায়তা করা এবং পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে যথাযথভাবে লক্ষ্যমাত্রা নির্ধারণের কাজে সহায়তা করার লক্ষ্যে ভৌগলিক এলাকাভিত্তিক সামাজিক খাত বিষয়ক তথ্য প্রদান করা।

এ সার্ভে পরিচালনার জন্য নিম্নবর্ণিত ইন্ডিকেটরসমূহ ব্যবহার করা হয়েছে :

- স্বাস্থ্য ও পুষ্টি (শিশুদের মাতৃদুগ্ধ পান করানো, শিশু-মৃত্যু, প্রজনন স্বাস্থ্য) ;
- শিক্ষা (প্রাক-বিদ্যালয় উপস্থিতি, প্রাথমিক বিদ্যালয়ে মোট ভর্তির হার, মাধ্যমিক বিদ্যালয়ে জেন্ডার সমতা, পঞ্চম শ্রেণীতে পৌঁছানো, ঝরে পড়ার হার, ১৫-২৪ বছর বয়সীদের সাক্ষরতার হার) ;
- এইচআইভি এবং এইডস সংক্রমন সংক্রান্ত জ্ঞান ; এবং
- পরিবেশ (নিরাপদ পানির উৎস, পরিবারের পানীয় জলের আর্সেনিক ও ব্যাকটেরিয়া দূষণের মাত্রা, আর্সেনিক ও ব্যাকটেরিয়া দূষণ বিষয়ে সচেতনতা ও স্যানিটেশন)।

মাল্টিপল ইন্ডিকেটর ক্লাস্টার সার্ভে (MICS) ২০১২-১৩ এর মাঠ পর্যায়ের কাজ "TEAM APPROACH" এ করা হয়। মোট ৩২ টি টিমের মাধ্যমে সারাদেশে তথ্য সংগ্রহ করা হয়। প্রতিটি টিমে একজন সুপারভাইজার, একজন ফিল্ড এডিটর, একজন পরিমাপকারী (ANTHROPOMETRIC MEASURER) এবং স্থানীয়ভাবে নিয়োগকৃত দুহজন করে মহিলা গণনাকারী/তথ্য সংগ্রহকারী ছিলেন। মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ কার্যক্রম ডিসেম্বর,২০১২ হতে এপ্রিল,২০১৩ পর্যন্ত সময়কালে পরিচালিত হয়।

চিত্র-০১ : মাল্টিপল ইন্ডিকেটর ক্লাস্টার সার্ভের মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ কার্যক্রম

MICS ২০১২-১৩ এর জাতীয় পর্যায়ের KEY FINDINGS ঢাকায় অবস্থিত বংগবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে উপস্থাপন করা হয় এবং জেলা পর্যায়ের KEY FINDINGS ৬৪ টি জেলার জেলা প্রশাসকদের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় DISSEMINATION করা হয়েছে।

চিত্র-০২: মাল্টিপল ইন্ডিকেটর ক্লাস্টার সার্ভের জাতীয় পর্যায়ের KEY FINDINGS উপস্থাপনের লক্ষ্যে অনুষ্ঠিত কর্মশালা

চিত্র-০৩: মাল্টিপল ইন্ডিকেটর ক্লাস্টার সার্ভের KEY FINDINGS জেলা পর্যায়ে উপস্থাপনের লক্ষ্যে অনুষ্ঠিত কর্মশালা

১৬.২ Dev. Info (Development Information) হালনাগাদকরণ :

DEV. INFO হচ্ছে সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা (MDG) পর্যবেক্ষণের উদ্দেশ্যে এবং মানব উন্নয়ন সূচক পরিবীক্ষণ করার জন্য জাতিসংঘ উন্নয়ন গ্রুপের তত্ত্বাবধানে উন্নত এবং অনুমোদিত একটি ডাটাবেইজ সিস্টেম। এটি সরকারি বিভিন্ন দফতর এবং জাতিসংঘের সংস্থা ও উন্নয়ন সহযোগীদের জন্য সহজতর ও অভিন্নভাবে তথ্য উপস্থাপন করার একটি মাধ্যম।

আলোচ্য প্রকল্পের আওতায় DEV. INFO এর বাংলাদেশ সংস্করণ BD INFO (BANGLADESH INFORMATION) বিবিএস এর ওয়েবসাইটে হালনাগাদ করে তা WEB ENABLE করা হয়েছে যা তথ্য সমৃদ্ধ একটি ডিজিটাল ডাটাবেইজে পরিণত হয়েছে। এ ডাটাবেইজ থেকে বিভিন্ন আর্থ-সামাজিক ইন্ডিকেটর এর তথ্য পাওয়া সম্ভব হবে যা MDG সহ অন্যান্য উন্নয়ন লক্ষ্যমাত্রা MONITORING এর ক্ষেত্রে সহায়ক হবে মর্মে প্রকল্পসূত্রে জানা যায়। এটি সরকারের উন্নয়ন লক্ষ্যমাত্রার আওতায় "A STEP TOWARDS DIGITAL BANGLADESH" হিসেবে পরিগণিত হতে পারে মর্মে প্রকল্প পরিচালক উল্লেখ করেছেন।

প্রকল্পসূত্রে আরও জানা যায়, BD INFO এর সাহায্যে জাতীয় কর্ম পরিকল্পনাসমূহ ও MDG'র অগ্রগতি সহজে পরিবীক্ষণ করা যায়। একই সাথে সারণি, লেখচিত্র ও ম্যাপের সাহায্যে ইন্ডিকেটরগুলো উপস্থাপন করা যায়। এছাড়া, এই ডাটাবেইজ একই ইন্ডিকেটর এর বিভিন্ন উৎস থেকে প্রাপ্ত তথ্য সংরক্ষণ এবং একই সাথে উপস্থাপন/ব্যবহার করা সম্ভব।

১৭। বাস্তবায়ন সমস্যাঃ

১৭.১ প্রকল্প বাস্তবায়নকালে তেমন কোন গুরুত্বপূর্ণ সমস্যা উদ্ভূত হয়নি মর্মে প্রকল্পসূত্রে অবহিত করা হয়েছে। তবে উত্থাপিত অডিট আপত্তিগুলো এখনও নিষ্পত্তি করা হয়নি ; এবং

১৭.২ প্রকল্পের আওতায় পরিচালিত MICS জরীপের চূড়ান্ত প্রতিবেদন ডিসেম্বর, ২০১৪ এর মধ্যে প্রকার করার লক্ষ্যমাত্রা ছিল কিন্তু অদ্যাবধি প্রতিবেদনটি প্রকাশ করা সম্ভব হয়নি।

১৮। **সুপারিশঃ**

১৮.১ উত্থাপিত অডিট আপত্তিসমূহ যথাশীঘ্র নিষ্পত্তি করে আইএমইডি-কে অবহিত করতে হবে ;

১৮.২ MICS জরীপের চূড়ান্ত প্রতিবেদন যথাশীঘ্র প্রকাশ করার ব্যবস্থা নিতে হবে ; এবং

১৮.৩ প্রকল্পের আওতায় সম্পাদিত BD INFO DATA BASE সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে অবগত করার লক্ষ্যে অব্যাহত প্রচেষ্টা নিতে হবে যাতে করে সকল STAKEHOLDER এর সুফল পেতে পারেন।

‘‘Harmonization & Dissemination of Unified Agricultural Production Statistics Project’’
শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : জুন,২০১৪)

১। **প্রকল্পের নাম :** **“Harmonization & Dissemination of Unified Agricultural Production Statistics Project”**

২। **প্রকল্পের অবস্থান : পরিসংখ্যান ভবন, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আগারগাঁও, ঢাকা।**

৩। **বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।**

৪। **প্রশাসনিক মন্ত্রণালয় : পরিকল্পনা মন্ত্রণালয়/পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।**

৫। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :**

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
মোট-৩৪৫.০০ টাকা-৫৭.৩৮ প্র:সা:-২৮৭.৬২	মোট-৩৫২.০০ টাকা-৬৪.৩৮ প্র:সা:-২৮৭.৬২	মোট-২৫৫.৫৬ টাকা-৫১.১৯ প্র:সা:-২০৪.৩৭	০১ জুলাই, ২০১২ হতে ৩০ জুন, ২০১২	০১ জুলাই, ২০১২ হতে ৩০ জুন, ২০১৪	০১ জুলাই, ২০১২ হতে ৩০ জুন, ২০১৪	--	--

৬। **প্রকল্পের অর্থায়নঃ** জাতিসংঘের Food and Agricultural Organization (FAO) এবং বাংলাদেশ সরকারের অনুদানে বাস্তবায়িত।

৭। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতিঃ**(সংস্থা কর্তৃক সরবরাহকৃত পিসিআর এর তথ্যের ভিত্তিতে)

(লক্ষ টাকায়)

ক্র: নং	পিপি অনুযায়ী কাজের অংগ	একক	সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭
০১)	ভ্রমণ ব্যয় (দেশী/বিদেশী)	-	৬০.৯৯	-	৪৩.৯২ (৭২.০১%)	-
০২)	ওভারটাইম	-	১৩.৪৪	-	৮.৬১ (৬৪.০৬%)	-
০৩)	ট্যালেক্স/ফ্যাক্স	-	১.০০	-	০.৮০ (৮০%)	-
০৪)	প্রিন্টিং এন্ড বাইন্ডিং	সংখ্যা	৫.৬৯	-	৪.৩০ (৭৫.৫৭%)	-
০৫)	স্টেশনারী	থোক	৮.৩৩	-	২.৩৩ (২৭.৯৭%)	-
০৬)	বই এবং সাময়িকী	থোক	২.০০	-	২.০০ (১০০%)	-
০৭)	ট্রেনিং	সংখ্যা	৬৬.৩০	১৬০০ জন	৪৩.৮৩ (৬৬.১০%)	১৬০০ জন (১০০%)
০৮)	ওয়ার্কশপ	সংখ্যা	১৪.৪৯	০৩ টি	১২.২২ (৮৪.৩৩%)	০৩ টি (১০০%)
০৯)	কনসালটেন্ট	জনমাস	৬০.৩৮	২৩ জনমাস	৫৩.৯৭ (৮৯.৩৮%)	২৪ জনমাস (১০৪.৩৪%)
১০)	সম্মানী (প্রশিক্ষক/ প্রশিক্ষণার্থী, বিভিন্ন কমিটি সভা, ইত্যাদি)	থোক	২৫.০৯	-	২৪.৪৭ (৯৭.৫২%)	-
১১)	গাড়ী ভাড়া	সংখ্যা	১০.০০	০১ টি	৭.৭৬ (৭৭.৬০%)	০১ (১০০%)
১২)	অন্যান্য (কম্পিউটার সরঞ্জামাদি, আপ্যায়ন, স্টেশনারী, ক্যুরিয়ার সার্ভিস, ফটোকপি, ইত্যাদি)	-	৪৫.৯৮	-	৩৮.৮৫ (৮৪.৪৯%)	-

ক্র: নং	পিপি অনুযায়ী কাজের অংগ	একক	সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭
১৩)	কম্পিউটার এবং মেশিনারীজ	সংখ্যা	৩৪.৩১	৩টি ডেস্কটপ ইউপিএস এন্ড প্রিন্টার	৯.৫০ (২৭.৬৮%)	-
১৪)	আসবাবপত্র	থোক	৪.০০	শেলফ ৮ টি, সেক্রে:টেবিল ৪ টি, কম্পিউটার টেবিল ৪ টি	৩.০০ (৭৫%)	-
	মোট=		**৩৫২.০০**	**-**	**২৫৫.৫৬ (৭২.৬০%)**	

প্রকল্পটির মূল প্রাক্কলিত ব্যয় ছিল ৩৪৫.০০ লক্ষ টাকা। পরবর্তীতে প্রকল্পটি ৩৫২.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে সংশোধন করা হয়। প্রকল্পের সংশোধিত ব্যয় ৩৫২.০০ লক্ষ টাকার বিপরীতে প্রকৃত ব্যয় হয়েছে ২৫৫.৫৬ লক্ষ টাকা যা প্রাক্কলিত ব্যয়ের ৭২%। অব্যয়িত ৯৬.৪৪ লক্ষ টাকার মধ্যে সরকারী অর্থের ১৩.১৯ লক্ষ টাকা রাষ্ট্রীয় কোষাগারে জমা দেয়া হয়েছে মর্মে প্রকল্পসূত্রে জানানো হয়েছে। বাকী ৮৩.২৫ লক্ষ টাকা FAO থেকে পাওয়া যায়নি মর্মে পিসিআর সূত্রে জানা গেছে।

৮। সাধারণ পর্যবেক্ষণঃ

৮.১ প্রকল্পের পটভূমিঃ

বাংলাদেশের মোট দেশজ উৎপাদনের মধ্যে কৃষি খাতের অবদান উল্লেখযোগ্য। এছাড়া দেশের বিপুল পরিমাণ জনগোষ্ঠীর খাদ্য চাহিদা ও ঘাটতি নির্ণয়ে কৃষি বিষয়ক পরিসংখ্যানের গুরুত্ব অপরিসীম। জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে বিবিএস অন্যান্য দাপ্তরিক পরিসংখ্যানের পাশাপাশি নিয়মিতভাবে কৃষি পরিসংখ্যান প্রণয়ন ও প্রকাশ করে থাকে। অন্যদিকে কৃষি সেক্টরের প্রভূত উন্নয়নের লক্ষ্যে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর দায়িত্ব পালন করে থাকে এবং নিজস্ব মনিটরিং এর জন্য উক্ত অধিদপ্তর ধানের উৎপাদন হিসাবও করে থাকে। কিন্তু কখনও কখনও এ দু'টি সংস্থার প্রণীত তথ্যের মধ্যে বেশ কিছু ব্যবধান পরিলক্ষিত হয়। ুশস্য কর্তনের পদ্ধতি ভিন্নতারচ কারণে এ ব্যবধান হতে পারে মর্মে ধারণা করা হয়। দু'টি সংস্থার মধ্যে তথ্যের ব্যবধান কমিয়ে আনার লক্ষ্যে সংস্থা দু'টি কর্তৃক একটি নির্দিষ্ট পদ্ধতির মূল্যায়ন ও পরীক্ষা-নিরীক্ষার পর চূড়ান্তভাবে উভয় সংস্থা কর্তৃক একটি নির্দিষ্ট একক পদ্ধতি ব্যবহারের জন্য আলোচ্য প্রকল্পটি গ্রহণ ও বাস্তবায়ন করা হয়। কৃষি পরিসংখ্যান প্রণয়নে বর্তমানে সরকারের আরেকটি সংস্থা ''স্পারসো'' দায়িত্ব পালন করে থাকে। বিশেষত এ সংস্থাটি আমন ও বোরো ধান উৎপাদনের এরিয়া প্রাক্কলন করে থাকে। তাই স্পারসোকেও এ প্রকল্পের সার্বিক কাজে জড়িত করা হয়। উল্লেখ্য, এ প্রকল্পের মাধ্যমে শুধুমাত্র ধানের উৎপাদন হার নির্ণয়ের কার্যক্রম গ্রহণ করা হয়।

৮.২ প্রকল্পের উদ্দেশ্যঃ প্রকল্পের মূল উদ্দেশ্যাবলী ছিল নিম্নরূপ :

- ❖ কৃষিজাত (ধান) পণ্যের উৎপাদন পরিসংখ্যান প্রকাশের লক্ষ্যে একটি সমন্বিত পদ্ধতি উদ্ভাবন;
- ❖ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সম্পাদিত ধান উৎপাদন হিসেবের মধ্যে ব্যবধান হ্রাসকরণ;
- ❖ জাতীয় খাদ্যনীতি প্রণয়নের লক্ষ্যে খাদ্য উৎপাদন সংক্রান্ত নির্ভরযোগ্য পরিসংখ্যান প্রদান; এবং
- ❖ কর্মশালা অনুষ্ঠানের মাধ্যমে প্রকল্পের ঋরহফরহমং উপস্থাপন ও নতুন উদ্ভাবিত শস্য কর্তন গবঃযড়ফধষড়মু-এর উপরে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (ইইঝ) ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (উঅউ) এর কর্মকর্তাগণকে প্রশিক্ষণ প্রদান;

৮.৩ প্রকল্পের মূল কার্যক্রমঃ

প্রকল্পটি বাস্তবায়নের মূল উদ্দেশ্য ছিল কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক শস্য (ধান) কর্তন সংক্রান্ত প্রণীত তথ্যের ব্যবধান কমিয়ে আনা এবং এ লক্ষ্যে দু'টি সংস্থা কর্তৃক ব্যবহৃত পদ্ধতি মূল্যায়ন, পরীক্ষা-নিরীক্ষাপূর্বক একটি নির্দিষ্ট সমন্বিত পদ্ধতি ব্যবহার। এতদুদ্দেশ্যে প্রকল্পের আওতায় সম্পাদিত মুখ্য কার্যাবলী নিম্নে বর্ণিত হল :

- **প্রকল্পের আওতায়** একজন জাতীয় পরামর্শক **নিয়োগ** ;
- পরিসংখ্যান ব্যুরো ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক ব্যবহৃত পদ্ধতি নিয়ে আলোচনা ও পরীক্ষামূলক শস্য কর্তনের পদ্ধতি নির্ণয়ের জন্য প্রারম্ভিক কর্মশালা **(ওহপবঢ়ঃরড়হ ডড়ৎশংযড়ঢ়)** অনুষ্ঠান ;
- ২০১২ **এর আমন** মৌসুমে পরীক্ষামূলকভাবে শস্য কর্তন পরিচালনা ;
- পরীক্ষামূলক শস্য কর্তনের ফলাফল পরীক্ষা-নিরীক্ষা ও বিশ্লেষণপূর্বক দ্বিতীয় কর্মশালা অনুষ্ঠান ;
- উক্ত পদ্ধতি পরিচালনার জন্য মাঠ পর্যায়ে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ৭৫০ জন **এবং** কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ৭৫০ জনসহ মোট ১৫০০ জন কর্মকর্তাকে বোরো হারভেস্টিং মৌসুমে প্রশিক্ষণ প্রদান ;
- প্রশিক্ষণ ও সার্বিক ফলাফল নিয়ে তৃতীয় কর্মশালা অনুষ্ঠান; এবং
- উভয় সংস্থা কর্তৃক ব্যবহারের জন্য ১১০০ টি ফিল্ড ম্যানুয়াল প্রস্তুতকরণ এবং একটি বিশ্লেষণধর্মী প্রতিবেদন প্রণয়ন।

৯। অনুমোদন পর্যায়ঃ

আলোচ্য কারিগরী সহায়তা প্রকল্পটি ৩৪৫.০০ লক্ষ টাকা ব্যয়ে জুলাই, ২০১২-জুন, ২০১৪ সময়কালে বাস্তবায়নের জন্য ১৮.০৭.২০১২ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের মাঠ পর্যায়ে ভ্রমণ খাতে ব্যয় বৃদ্ধি ও অংশগ্রহণকারীর সংখ্যা বৃদ্ধির কারণে প্রকল্পের আওতায় অনুষ্ঠিত ০২ টি কর্মশালার ব্যয় বৃদ্ধি পায় এবং বিবিধ খাতের ব্যয় বৃদ্ধি পাওয়ার ফলে প্রকল্পটি সংশোধন করা হয় এবং ৩৫২.০০ লক্ষ টাকা ব্যয়ে প্রকল্প সংশোধনের প্রস্তাব গত ২৯.০৮.২০১৩ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

১০। প্রকল্পের অনুকূলে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে বছর ভিত্তিক বরাদ্দ ও অগ্রগতিঃ

(লক্ষ টাকায়)

অর্থবছর	সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে বরাদ্দ ও অগ্রগতি			অর্থ ছাড়	বছর ভিত্তিক ব্যয় ও বাস্তব অগ্রগতি		
	মোট	টাকা	প্রঃ সাঃ		মোট	টাকা	প্রঃ সাঃ
২০১২-১৩	২৩৩.০০	২৫.২৭	২০৭.৭৩	১৩৯.৯৯	১৩৯.৯৯	১৫.৬২	১২৪.৩৭
২০১৩-১৪	১১৯.০০	৩৯.০০	৮০.০০	১১৯.০০	১১৫.৫৭	৩৫.৫৭	৮০.০০
মোট=	৩৫২.০০	৬৪.২৭	২৮৭.৭৩	২৫৮.৯৯	২৫৫.৫৬	৫১.১৯	২০৪.৩৭

১১। প্রকল্প ব্যবস্থাপনাঃ প্রকল্পের শুরু হতে সমাপ্তি পর্যন্ত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র নিম্নবর্ণিত কর্মকর্তা ''প্রকল্প পরিচালক''-এর দায়িত্ব পালন করেন:

ক্র:নং	কর্মকর্তার নাম	পদবী	দায়িত্ব গ্রহণ	দায়িত্ব অর্পণ	ধরন
০১)	জনাব বিধান বড়াল	যুগ্ম পরিচালক	২৭.০৬.২০১২	৩০.০৬.২০১৪	পূর্ণকালীন

১২। ????????? ?????????? ??????? ??????

প্রকল্পের উদ্দেশ্য	প্রকৃত অর্জন
১) কৃষিজাত (ধান) পণ্যের উৎপাদন পরিসংখ্যান প্রকাশের লক্ষ্যে একটি সমন্বিত পদ্ধতি উদ্ভাবনন।	১) একটি সমন্বিত ও পরিসাংখ্যিকভাবে নির্ভরযোগ্য শস্য (ধান) কর্তন পদ্ধতি প্রকল্পের আওতায় উদ্ভাবিত হয়েছে এবং শস্য কর্তন কাজে ব্যবহার করা হয়েছে।
২) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সম্পাদিত ধান উৎপাদন হিসেবের মধ্যে ব্যবধান হ্রাসকরণ।	২) এপ্রিলহ১৩ মাস থেকে মাঠ পর্যায়ে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোচ এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক যৌথভাবে পরীক্ষামূলকভাবে শস্য (ধান) কর্তন করা হয়েছে এবং ধান উৎপাদনের পরিমাণ এককভাবে নিরূপণ করে প্রকাশ করা সম্ভব হয়েছে এবং এভাবে ধান উৎপাদনের হিসেবের দ্বৈততা/ব্যবধান পরিহার করা সম্ভব হয়েছে।
৩) সার্বিক খাদ্যনীতি প্রণয়নের লক্ষ্যে খাদ্য উৎপাদন সংক্রান্ত নির্ভরযোগ্য পরিসংখ্যান প্রদান।	৩) প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক খাদ্য উৎপাদনের আরও নির্ভরযোগ্য তথ্য প্রকাশ করা সম্ভব হচ্ছে যা খাদ্য নিরাপত্তাসহ কৃষি পণ্য উৎপাদন সংক্রান্ত বিষয়ে সুষ্ঠু ও উপযোগী নীতি নির্ধারণে সহায়ক ভূমিকা পালন করছে।
৪) কর্মশালা অনুষ্ঠানের মাধ্যমে প্রকল্পের ঋরহফরহমং উপস্থাপন ও নতুন উদ্ভাবিত শস্য কর্তন গবঃযড়ফধষড়মু-এর উপরে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (ইইঝ) ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (উঅউ) এর কর্মকর্তাগণকে প্রশিক্ষণ প্রদান	৪) ১৬-১৭ অক্টোবর, ২০১২ তারিখে দুহদিনব্যাপী প্রকল্পের প্রারম্ভিক কর্মশালা অনুষ্ঠিত হয়। এছাড়া ১৯.০৯.২০১৩ তারিখে প্রকল্পের প্রথম উরং◌ংবসরহধঃরড়হ ডড়ৎশংযড়ঢ় অনুষ্ঠিত হয় এবং চূড়ান্ত ডড়ৎশংযড়ঢ় অনুষ্ঠিত হয় ২৬.০৬.২০১৪ তারিখে। নতুন শস্য কর্তন পদ্ধতি অনুমোদনের পর ১০০ জন মাস্টার ট্রেইনারকে (৫০ জন বিবিএস+৫০ জন ডিএই) প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়া, প্রকল্পের আওতায় উদ্ভাবিত শস্য কর্তনের নতুন পদ্ধতির উপর বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (ইইঝ) মাঠ পর্যায়ের ৭৫০ জন কর্মকর্তা এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের (উঅউ) ৭৫০ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া সেপ্টেম্বর, ২০১৩ মাসে ইইঝ এবং উঅউ-এর কর্মকর্তাদেরকে উধঃধ চৎড়পবং◌ংরহম-এর উপর প্রশিক্ষণ দেয়া হয়েছে।

১৩। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ কোন উল্লেখযোগ্য কাজ অসমাপ্ত নেই বলে অবহিত করা হয়েছে।

১৪। ???????? ??(Methodology) : *???????? ?????????? ??????? ????????? ?????????? ?????? ??? ????*

ক) টিপিপি ও পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনা;

খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত PROJECT COMPLETION REPORT (PCR) পর্যালোচনা;

গ) PEC, PROJECT STEERING COMMITTEE, PROJECT IMPLEMENTATION COMMITTEE (PIC) ইত্যাদি গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;

ঘ) প্রকল্পের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন এবং

ঙ) প্রাপ্ত তথ্যের উপর সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১৫। মনিটরিং:

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, SPARSO, Food Planning & Monitoring Unit (FPMU) কর্তৃক প্রকল্পের কার্যক্রম সরাসরি মনিটরিং এবং তদারকী করা হয়েছে। আইএমইডি কর্তৃক সরাসরি মনিটরিং করা হয়নি তবে আইএমইডি'র কর্মকর্তাগণ বিভিন্ন কমিটিতে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত ছিলেন।

১৬। অডিট সম্পর্কিত তথ্যঃ

(ক) **অভ্যমন্তরীণ অডিটঃ** প্রকল্প চলাকালীন এবং প্রকল্প সমাপ্তির পর কোন অভ্যন্তরীণ অডিট কার্যক্রম পরিচালনা করা হয়নি মর্মে প্রকল্পসূত্রে জানা গেছে।

(খ) **এক্সটার্নাল অডিটঃ** প্রকল্পটির কার্যক্রমের উপর কোন এক্সটার্নাল অডিট পরিচালনা করা হয়নি মর্মে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) সূত্রে জানা যায়।

১৭। প্রকল্প পরিদর্শনঃ

গত ১৬.১১.২০১৪ তারিখে প্রকল্প কার্যালয় পরিদর্শন করা হয় এবং প্রকল্প পরিচালকের সাথে প্রকল্পের বিষয়ে আলোচনা করা হয়। প্রকল্প পরিচালক ও প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রয়োজনীয় তথ্য দিয়ে সহায়তা করেন। প্রকল্প পরিদর্শন ও আলোচনায় প্রকল্পের গুরুত্ব ও যৌক্তিকতা সম্পর্কিত প্রাপ্ত তথ্য নিম্নে বর্ণিত হলঃ

গুরুত্ব :

১৭.১ ধান বাংলাদেশের একটি গুরুত্বপূর্ণ ফসল। গত ২০১৩-১৪ অর্থবছরে বাংলাদেশে ৩৪.৪৭ লক্ষ মেট্রিক টন ধান উৎপন্ন হয়েছে। দেশের জনগণের প্রধান খাদ্য ভাত হওয়ায় এর অভ্যন্তরীণ চাহিদাও অত্যধিক। তাই চাহিদা অনুযায়ী খাদ্য সরবরাহ নিশ্চিত করা সরকারের একটি গুরুত্বপূর্ণ দায়িত্ব। চাল আমদানী-রফতানির সিদ্ধান্তও অভ্যন্তরীণ উৎপাদনের উপর নির্ভরশীল। তাই চালের নির্ভরযোগ্য বার্ষিক উৎপাদন পরিসংখ্যান সরকারের নীতি ও পরিকল্পনা প্রণয়নে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

যৌক্তিকতা :

১৭.২ কৃষি পরিসংখ্যানের বিশ্বাসযোগ্যতা ও নির্ভরযোগ্যতা অর্জনের লক্ষ্যে গত ১১ এপ্রিল, ২০১২ তারিখে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক মাননীয় কৃষি মন্ত্রী, মাননীয় খাদ্য মন্ত্রী এবং মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়গণের উপস্থিতিতে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত করা হয়। এ মতবিনিময় সভায় সকলের আলোচনার আলোকে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, কৃষি সম্প্রসারণ অধিদফতর, স্পারসো-এ সংস্থাগুলোর মধ্যে HARMONIZATION এর মাধ্যমে ফসলের একটি একক উৎপাদন হিসাব নিরূপণের সিদ্ধান্ত গৃহীত হয়। সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে ধানের নির্ভরযোগ্য উৎপাদন হিসাব প্রণয়ন করা, বিশেষ করে ধানের উৎপাদন হার নির্ণয়ে একটি সম্মিলিত বৈজ্ঞানিক পদ্ধতি অবলম্বনের লক্ষ্যে FOOD AND AGRICULTURAL ORGANIZATION (FAO) এর কারিগরি সহায়তায় '' HARMONIZATION & DISSEMINATION OF UNIFIED AGRICULTURAL PRODUCTION STATISTICS PROJECT'' শীর্ষক প্রকল্পটি গ্রহণ ও বাস্তবায়ন করা হয়।

১৭.৩ প্রকল্পের আওতায় সম্পাদিত কার্যাবলী সম্পর্কিত তথ্যাবলী নিম্নে বর্ণনা করা হল :

(১) প্রারম্ভিক ওয়ার্কশপ পরিচালনাঃ গত ১৬-১৭ অক্টোবর , ২০১২ তারিখে দুইদিন ব্যাপি প্রকল্পের প্রারম্ভিক কর্মশালা অনুষ্ঠিত হয়। বিভিন্ন স্টেকহোল্ডার সংস্থা থেকে ১৪০ জন অংশগ্রহনকারী উক্ত কর্মশালায় অংশগ্রহন করেন । উক্ত কর্মশালায় প্রকল্পের প্রস্তাবিত কার্যক্রম আলোচনাপূর্বক বিভিন্ন সুপারিশ গৃহীত হয় যা প্রকল্প বাস্তবায়নকালে বিবেচনায় আনা হয়।

(২) বিবিএস ও ডিএই কর্তৃক ব্যবহৃত চালের উৎপাদন হিসাব প্রাক্কলন পদ্ধতি পুন :যাচাইঃ প্রারম্ভিক কর্মশালার পর প্রকল্প কার্যক্রমের শুরুতে বিবিএস ও ডিএই কর্তৃক ব্যবহৃত চালের উৎপাদন হিসাব প্রাক্কলন পদ্ধতি পৃথকভাবে পুনরায় যাচাই করা হয়। নভেম্বর-ডিসেম্বর , ২০১২ মাসে আমন মৌসুমে মোট ৪০০ টি শস্যক্ষেত্রে পরীক্ষামূলক শস্য কর্তন (রাজশাহীর ১০ টি উপজেলায় মোট ২০০ টি ও বরিশালের ১০ টি উপজেলায় মোট ২০০টি) কার্যক্রম পরিচালিত হয়। পরীক্ষামূলক নমুনা শস্য কর্তনের প্রাপ্ত ফলাফল বিশ্লেষণপূর্বক প্রকল্পে নিয়োজিত জাতীয় ও আন্তর্জাতিক পরামর্শকগণ নমুনা শস্য কর্তনের একটি অভিন্ন বৈজ্ঞানিক পদ্ধতি সুপারিশ করেন।

(৩) সুপারিশকৃত অভিন্ন পদ্ধতি মূল্যায়ন ও অনুমোদনঃ নমুনা শস্যকর্তনের সুপারিশকৃত নতুন পদ্ধতিটি আন্ত:মন্ত্রণালয় মূল্যায়ন কমিটি (স্টিয়ারিং কমিটি কর্তৃক গঠিত) কর্তৃক নিরীক্ষণ ও বিশ্লেষণপূর্বক মূল্যায়ন করা হয়েছে ও পরবর্তীতে টেকনিক্যাল ও স্টিয়ারিং কমিটির মাধ্যমে চূড়ান্ত বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদিত হয়েছে।

(৪) শস্য কর্তনের নতুন পদ্ধতির উপর প্রশিক্ষণ প্রদানঃ শস্য কর্তনের নতুন পদ্ধতি অনুমোদনের পর ১০০ জন মাস্টার ট্রেইনারকে (বিবিএস হতে ৫০ + ডিএই হতে ৫০) গত ২৬-২৭ এপ্রিল , ২০১৩ তারিখ প্রশিক্ষণ প্রদান করা হয়। পরবর্তীতে ১৫০০ জন (বিবিএস এর ৭৫০ + ডিএই এর ৭৫০) মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণকে ৫০ টি জেলা সদর দপ্তরে প্রশিক্ষণ প্রদান করা হয় ও প্রশিক্ষণ উপকরণ হিসেবে শস্য কর্তনের নতুন প্রশ্নপত্র ও ম্যানুয়াল ব্যবহার করা হয়। এভাবে ২০১৩ সালের বোরো মৌসুম থেকে মাঠ পর্যায় শস্য কর্তনের নতুন পদ্ধতি বাস্তবায়িত হয়েছে এবং বিবিএস এর নমুনা শস্য কর্তনের একটি স্থায়ী পদ্ধতি প্রবর্তন হয়েছে যা ধান ফসলের হিসাব প্রণয়নে বিবিএস ও ডিএই এর মাঠ পর্যায়ে যৌথ অংশগ্রহণের মাধ্যমে পরিচালিত হচ্ছে।

কর্মশালা

(৫) ডিসেমিনেশন ওয়ার্কশপঃ গত ১৯ সেপ্টেম্বর '২০১৩ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের উপস্থিতিতে প্রকল্পের সার্বিক কার্যক্রমের উপর একটি ডিসেমিনেশন ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে।

(৬) মনিটরিং কার্যক্রমঃ প্রকল্প মেয়াদের দ্বিতীয় বছরে মূলতঃ মনিটরিং কার্যক্রম পরিচালিত হয়েছে। ২০১৩ আমন ও ২০১৪ বোরো মৌসুমে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ , কৃষি মন্ত্রণালয়, এফপিএমইউ, স্পারসো, ডিএই এবং বিবিএস এর কর্মকর্তাগণ কর্তৃক যৌথভাবে ২৪টি জেলায় শস্য কর্তনের নতুন পদ্ধতি পর্যবেক্ষণ করা হয়।

মাঠ পর্যায়ে শস্য কর্তন কার্যক্রম মনিটরিং

মাঠ পর্যায়ে শস্য কর্তৃন কার্যক্রম মনিটরিং

(৭) নমুনা শস্য কর্তন ইনস্ট্রুমেন্ট সরবরাহকরণঃ প্রকল্পের মাধ্যমে মাঠ পর্যায়ে ২০০০টি শস্য কর্তন যন্ত্র সরবরাহ করা হয়। প্রত্যেক উপজেলা পরিসংখ্যান অফিস ও উপজেলা কৃষি অফিসে দুইটি করে নমুনা শস্য কর্তন ইনস্ট্রুমেন্ট প্রেরণ করা হয়।

(৮) প্রকল্প ডকুমেন্টশনঃ প্রকল্পের মাধ্যমে বাংলাদেশে ধান ফসলের উৎপাদন প্রাক্কলন পদ্ধতির উপর যথাক্রমে একটি এ্যানালাইটিক্যাল রিপোর্ট ও ম্যানুয়াল প্রস্তুত করা হয়। তাছাড়া বাংলাদেশে জাতীয় কৃষি পরিসংখ্যান পদ্ধতি ও নমুনা শস্য কর্তন পদ্ধতির উপর দুইটি ভিডিও ডকুমেন্টশন প্রস্তুত করা হয়।

(৯) চূড়ান্ত ওয়ার্কশপঃ গত ২৬ জুন ২০১৪ তারিখে প্রকল্প কর্তৃক সর্বশেষ ওয়ার্কশপ অনুষ্ঠিত হয় এবং প্রকল্পের সামগ্রিক কার্যক্রম উপস্থাপন করা হয়। জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের কৃষি পরিসংখ্যান বিষয়ক বিশেষজ্ঞগণ ওয়ার্কশপে উপস্থিত ছিলেন।

চূড়ান্ত কর্মশালা অনুষ্ঠান

১৮। **বাস্তবায়ন সমস্যাঃ**

১৮.১ প্রকল্প বাসত্মবায়নকালে তেমন কোন গুরুত্বপূর্ণ সমস্যা উদ্ভূত হয়নি মর্মে প্রকল্পসূত্রে অবহিত করা হয়েছে, তবে প্রকল্পটি চলাকালীন এবং সমাপ্ত হওয়ার পর প্রকল্পটির কোন অডিট কার্যক্রম পরিচালনা করা হয়নি; এবং

১৮.২ উন্নয়ন সহযোগী সংস্থা FAO থেকে অর্থ DISBURSEMENT-এর ক্ষেত্রে কখনও কখনও সমস্যা দেখা দিয়েছে মর্মে প্রকল্প পরিচালক অবহিত করেছেন।

সুপারিশঃ

১৮.১ প্রকল্পটির আওতায় বিবিএস এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক যৌথভাবে শস্য (ধান) কর্তন ও হিসাব নিরূপণের ক্ষেত্রে HARMONIZED পদ্ধতি প্রয়োগ করা হয়েছে এবং তা সফল হয়েছে মর্মে জানা গেছে। সুতরাং ধান শস্যের পাশাপাশি পর্যায়ক্রমে অন্যান্য ফসল উৎপাদন হিসাব নিরূপণের ক্ষেত্রেও HARMONIZED পদ্ধতি প্রয়োগ করা যেতে পারে;

১৮.২ ভবিষ্যৎ প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে উন্নয়ন সহযোগী সংস্থা কর্তৃক অর্থ ছাড়ের পদ্ধতি প্রকল্প বাস্তবায়নের প্রাক্কালেই নির্ধারণ করা শ্রেয় হবে; এবং

১৮.৩ প্রকল্পটি সমাপ্ত হয়ে গেছে গত ৩০.০৬.২০১৪ তারিখে। কিন্তু কোন অডিট কার্যক্রম পরিচালনা করা হয়নি। অনতিবিলম্বে অডিট কার্যক্রম পরিচালনা করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।